বাইডেনকে ‘ফিলিস্তিনি’ তকমা দিলেন ডোনাল্ড ট্রাম্প

সারে-জমিন

মিড ডে মিলে কাঁকড়া বিছে, ব্যাপক উত্তেজনা

রূপসী বাংলা

মধ্যপ্রাচ্য আমেরিকার কাছে কেন এত গুরুত্বপূর্ণ?

সম্পাদকীয়

কোথাও ট্যাপ ভাঙা, কোথাও নেই, পড়েই চলেছে জল

সাধারণ

আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শনিবার
২৯ জুন, ২০২৪
১৫ আষাঢ় ১৪৩১
২২ জিলহজ, ১৪৪৫ হিজরি

সম্পাদক
জাইদুল হক

কোহলি রানে ফিরবেন ফাইনালেই, আশা রোহিত-দ্রাবিড়দের

খেলতে খেলতে

Vol.: 19 ■ Issue: 174 ■ Daily APONZONE ■ 29 June 2024 ■ Saturday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php

প্রথম নজর

দিল্লিতে ফের ওয়াইসির বাড়ি ভাঙচুর!

আপনজন ডেস্ক: দিল্লির ৩৪ অশোকা রোডে হায়দরাবাদের মিম সাংসদ আসাদউদ্দিন ওয়াইসির বাড়িতে ভাঙচুর চালিয়েছে অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীরা। ওয়াইসি লোকসভায় শপথ নেওয়ার এবং ‘জয় প্যালেস্তাইন’ স্লোগান দেওয়ার একদিন পরেই এটি ঘটে। তার বাসভবনের প্রধান ফটকের বাইরে তার নেমপ্লেটে কালো কালি লেপে দেয় দুর্বৃত্তরা। দুষ্কৃতীরা তার অ্যাড্রেস প্লেটে ‘আই স্ট্যান্ড উইথ ইজরায়েল’ এবং ‘ভারত মাথা কি জয়’ স্লোগান লেখা পোস্টার সাঁটিয়েছে। পোস্টারে ওয়েইসিকে অবমাননাকরভাবে চিত্রিত করা হয়েছে। পোস্টারে ওয়েইসির সাংসদ পদ খারিজের দাবি তুলেছে। ওয়াইসি এ নিয়ে বলেন, আমার এই বাসভবন কতবার টার্গেট করেছে তার হিসাব হারিয়ে ফেলেছি। আমি @DelhiPolice কর্মকর্তাদের তাদের নাকের ডগায় কীভাবে এটি ঘটছে জিজ্ঞাসা করলে তারা অসহায়ত্ব প্রকাশ করে। @AmitShah এটা আপনার তত্ত্বাবধানে ঘটছে। @ombirlakota সাংসদদের নিরাপত্তা নিশ্চিত হবে কি না, দয়া করে জানাবেন।

জামিনে মুক্ত ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী

আপনজন ডেস্ক: জমি কেলেঙ্কারি মামলায় ঝাড়খণ্ডের মুক্তি মোর্চা নেতা তথা ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের জামিন মঞ্জুর করল ঝাড়খণ্ড হাইকোর্ট। বিচারপতি রঙ্গন মুখোপাধ্যায়ের আদালত তাকে নিয়মিত জামিন দেয়। ১৩ জুন হেমন্ত সোরেনের আইনজীবী তথা অতিরিক্ত সলিসিটর জেনারেল এসভি রাজুর বক্তব্য শোনার পর আদালত তার নির্দেশ সংরক্ষণ করে। সাত ঘণ্টারও বেশি সময় ধরে জিজ্ঞাসাবাদের পর ২০২৪ সালের ৩১ জানুয়ারি সোরেনকে গ্রেফতার করে ইডি। এরপর রাজভবনে গিয়ে রাজ্যের শীর্ষ পদ থেকে ইস্তফা দেন হেমন্ত সোরেন। তার পদত্যাগের পরে চম্পাই সোরেন জেএমএম পরিষদীয় দলের নেতা নির্বাচিত হন এবং ৫ ফেব্রুয়ারি নতুন চম্পাই সোরেন সরকার ৪৭ জন বিধায়ক প্রস্তাবের পক্ষে ভোট দিয়ে ট্রাস্ট জিতেছে। মামলাটি রাঁচির বাদগাই এলাকায় ৮.৮৬ একর জমির দলিল জাল করার সাথে সম্পর্কিত। জামিনের পরপরই মিঃ সোরেনের আইনজীবী আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন এবং বিকেল চারটে নাগাদ তিনি বিরসা মুন্ডা সেন্ট্রাল জেল থেকে বেরিয়ে আসেন। স্ত্রী কল্পনা মুর্মু সোরেনকে সঙ্গে নিয়ে সরাসরি বাবা শিবু সোরেনের বাড়িতে যান তাঁর আশীর্বাদ নিতে।

২১ জুলাইয়ের পোস্টারে নেই অভিষেকের ছবি, নতুন বিতর্ক তৃণমূলে

আপনজন ডেস্ক: তৃণমূল কংগ্রেস প্রতিষ্ঠা হওয়ার পর থেকে প্রতিবছর ২১ জুলাই ধর্মতলায় শহিদ দিবসের আয়োজন করে তৃণমূল। সম্প্রতি অনুষ্ঠিত লোকসভা নির্বাচনে তৃণমূলের সাফল্যকে বেশি করে মানুষের কাছে তুলে ধরতে আসন্ন ২১ জুলাইয়ের সমাবেশকে হাতিয়ার করতে চায় তৃণমূল কংগ্রেস। তার জন্য ইতিমধ্যে প্রচার শুরু করে দিয়েছে। অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেসের অফিসিয়াল টুইটার হ্যান্ডেলের কভার পেজে ২১ জুলাইয়ের পোস্টার লাগানো হয়েছে। সেই পোস্টারে মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি থাকলেও অভিষেকের ছবি না থাকায় রাজনৈতিক মহলে নানা জল্পনা শুরু হয়েছে। তবে, ২০২৩ সালের ২১ জুলাইয়ের যে প্রচার চলেছিল সোশ্যাল মিডিয়ায় তাতেও শুধুমাত্র মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি দেওয়াই ছিল। কিন্তু তৃণমূল কংগ্রেসে সেকেন্ড ইন কমান্ড হিসেবে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম উঠে আসতেই তৃণমূলের প্রচার মাত্রই মমতার সঙ্গে অভিষেকের ছবির প্রসঙ্গ এসে যায়। আর এবারের বিতর্ক হওয়ার আরও একটি কারণ হল, কিছুদিন অভিষেক জানিয়ে দিয়েছিলেন, কিছুদিন তিনি ছুটি নিচ্ছেন এবং সাংগঠনিক কাজ থেকে দূরে থাকবেন।

এই ঘোষণার পর সামনে বড় কর্মসূচি বলতে ২১ জুলাইয়ের প্রতিষ্ঠা দিবস পালন। সেই ২১ জুলাইয়ের কর্মসূচি সফল করে তুলতে তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি রাজ্য সভাপতি হিসেবে বক্সী চিঠি পাঠিয়েছেন দলের সমস্ত জেলা সভাপতি ও চেয়ারম্যানকে। আর সেই চিঠিতে রাজ্য সাধারণ সম্পাদক অরূপ বিশ্বাস এবং সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদারের নাম থাকলেও তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম না থাকায় স্বভাবতই প্রশ্ন উঠতে শুরু করেছে। একদিকে ট্যুইটার হ্যান্ডেলে ২১ জুলাইয়ের পোস্টারে অভিষেকের ছবি নেই। অপরদিকে প্রতিটি ব্লকে ২১ জুলাইয়ের প্রস্তুতি সভা করতে এবং ওই দিন যাতে ধর্মতলায় ‘রেকর্ড জমায়েত’ হয়, তা সুনিশ্চিত করতে দলীয় দায়িত্বপ্রাপ্তদের কাছে পাঠানো চিঠিতে অভিষেকের নাম নেই। এই দুটি বিষয় উসকে দিয়েছে ২০২৩-এর নভেম্বর মাসে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে তৃণমূলের কর্মী সম্মেলনের পোস্টারে অভিষেকের ছবি না থাকায়। সেই সময় গুঞ্জন ছিল, অভিষেক ও মমতার মধ্যে দূরত্ব বাড়ছে। কিন্তু সেই জল্পনাই আবারও ঘুরে ফিরে আসতে শুরু করেছে। ২১ জুলাইয়ের মতো দলের গুরুত্বপূর্ণ কর্মসূচিতে দলের সেনাপতি এবং তৃণমূলের বর্তমান আইকন হাজির না থাকলে এই জল্পনা যে আরও বাড়বে, তা নিয়ে সন্দেহ নেই।

মোবাইল চোর সন্দেহে রাস্তা থেকে তুলে নিয়ে হস্টেলে মারধর, মৃত্যু এরশাদের

আপনজন ডেস্ক: শহর কলকাতার বুকে নৃশংস ঘটনার সাক্ষী থাকল শুক্রবার। হস্টেলের সামনে ঘোরাঘুরি করায় মোবাইল চোর সন্দেহে রাস্তা থেকে ধরে এনে হস্টেলের মধ্যে মারধর করায় মৃত্যু হল এরশাদ আলম (৩৭) নামে এক ব্যক্তির। এরশাদ বেলগাছিয়ার বাসিন্দা ও চাঁদনিতে একটি মোবাইল দোকানে কাজ করেন। ঘটনাটি ঘটেছে নির্মল চন্দ্র স্ট্রিটে ‘উদয়ন’ নামে একটি এসসি, এসটি আবাসিক হস্টেলে। সূত্রের খবর, স্থানীয় এক বাসিন্দা হস্টেলের সামনে রাস্তায় পায়চারি করতে দেখে এরশাদকে। সেই খবর হস্টেলে গেলে আবাসিকরা এসে এরশাদকে তুলে নিয়ে গিয়ে হস্টেলের মধ্যে তার হাত পা বেঁধে ব্যাপক মারধর করে। খবর পেয়ে পুলিশ এসে রক্তাক্ত অবস্থায় এরশাদকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। এরশাদ পুলিশকে জানা, তাকে প্রচুর মারধর করা হয়েছে। আশঙ্কাজনক অবস্থায় মেডিক্যাল কলেজে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করে চিকিৎসকরা। এই ঘটনায় পুলিশ জিজ্ঞাসাবাদ এর জন্য ১৪ জনকে আটক করেছে।

সংসদে নিট বিতর্ক চাওয়ায় বন্ধ করা হল রাহুলের মাইক!

আপনজন ডেস্ক: শুক্রবার কংগ্রেস অভিযোগ করেছে লোকসভায় নিট প্রশ্নপত্র ফাঁসের প্রসঙ্গ উত্থাপন করায় বিরোধী দলনেতা রাহুল গান্ধির মাইক বন্ধ করে দেওয়া হয়েছে। কংগ্রেস সোশ্যাল মিডিয়া এক্স-এ একটি ভিডিও শেয়ার করেছে, যেখানে রাহুল গান্ধি স্পিকার ওম বিড়লাকে মাইক্রোফোন ব্যবহারের জন্য অনুরোধ করছেন। রাহুল গান্ধি নিট বিতর্ক চেয়েছিলেন এবং সরকারের কাছ থেকে বিবৃতি দাবি করেছিলেন। জবাবে স্পিকার ওম বিড়লা স্পষ্ট জানিয়ে দেন, তিনি সাংসদদের মাইক্রোফোন বন্ধ করেন না। তিনি বলেন, আলোচনা হওয়া উচিত রাষ্ট্রপতির ভাষণের ওপর। অন্যান্য বিষয় সংসদে রেকর্ড করা হবে না।

কংগ্রেস ট্যুইট করে বলেছে, একদিকে নরেন্দ্র মোদি নিট নিয়ে কিছু বলছেন না, অন্যদিকে বিরোধী নেতা রাহুল গান্ধি সংসদে যুবকদের আওয়াজ তুলছেন। কিন্তু এমন একটি গুরুতর ইস্যুতে মাইক বন্ধ করার মতো সস্তা কাজ করে যুবকদের কণ্ঠরোধ করার ষড়যন্ত্র করা হচ্ছে।

বিরোধী দলনেতা রাহুল গান্ধি বলেছেন, নেট পেপার লিক ইস্যুতে সংসদে কোনও আলোচনা না হওয়াতে নিট-এর ক্ষেত্রে একটি বড় বিপর্যয় ঘটেছে। সবাই জানে যে পেপার ফাঁস হয়েছে। এক শ্রেণির মানুষ হাজার হাজার কোটি টাকা আয় করেছে এবং শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি আরও বলেন, বিরোধী দলের বৈঠকে আমি নিজেই বিষয়টি তুলে ধরেছি এবং এর ওপর একদিনের বিতর্কের প্রস্তাব দিয়েছি। এতে সব বিরোধী দল একমত হয়েছে। আমি সংসদে বিষয়টি উত্থাপন করেছি কিন্তু আমাকে কথা বলতে দেওয়া হয়নি। এটা দুঃখজনক যে সরকার এ নিয়ে আলোচনা করতে চায় না। আমার কাছে মনে হয়েছে সরাসরি প্রধানমন্ত্রীর নির্দেশ এসেছে। এটা দুঃখজনক যে প্রধানমন্ত্রীর বিতর্কে নেতৃত্ব দেওয়া উচিত ছিল কিন্তু তিনি বিতর্ক চান না।

নিট ইউজি ২০২৪ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের দাবির মধ্যে বিতর্ক সৃষ্টি করেছে এবং শিক্ষার্থীদের কাছ থেকে দেশব্যাপী প্রতিবাদের সূত্রপাত করেছে। শুনানি শুরু হতেই কংগ্রেস সাংসদ কেসি বেণুগোপাল প্রশ্নপত্র ফাঁস নিয়ে আলোচনার জন্য লোকসভায় মুলতুবি প্রস্তাব পেশ করেন। তবে স্পিকার জানিয়েছেন, সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাব নিয়ে সংসদে আলোচনা হবে। লোকসভায় হইচই শুরু হলে ১ জুলাই পর্যন্ত অধিবেশন মুলতুবি করে দেন স্পিকার।

বজবজ ইনস্টিটিউট অফ নার্সিং
চণ্ডীপুর মোড় ■ বিড়লাপুর রোড ■ কলকাতা-৭০০১৩৭
https://bbinursing.com
Project of Amanat Foundation
ছেলেদের জন্য

আশশিফা ইনস্টিটিউট অফ নার্সিং
সহরার হাট ■ ফলতা ■ দক্ষিণ ২৪ পরগনা
https://ashsheefahospital.com
Project of AshSheefa Group
মেয়েদের জন্য

স্কলারশিপ, স্টুডেন্ট ক্রেডিট কার্ডে সহায়তা

- অভিজ্ঞ প্রফেসর ডাক্তার দ্বারা পরিচালিত।
- আধুনিক সুসজ্জিত ল্যাবরেটরি, লাইব্রেরি।
- ১০০+ বেডের নিজস্ব হাসপাতালে এবং অতিরিক্ত আরও ২ টি ১০০+ বেডের হাসপাতালে (আরতি ও ইউনিপন) প্রশিক্ষণের ব্যবস্থা।
- মেয়েদের জন্য হসপিটাল ক্যাম্পাসে নার্সিং স্কুল ও হোস্টেল এর সুযোগ।
- ছেলেদের পৃথক হোস্টেল।
- ভর্তির যোগ্যতা: সায়েন্স/আর্টস/কমার্স) যেকোনও শাখায় HS এ 40% মার্কস।

HS পাস ছেলে ও মেয়েদের জন্য নার্সিং এর অ্যাডমিশন শুরু হয়ে গেছে

GNM
(3Years)
কোর্সে সরাসরি ভর্তি চলছে
ওয়েস্ট বেঙ্গল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অনুমোদিত

ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত
MBBS, MD, Dip. Card
(Director)

মুহাম্মদ শাহ আলম, চেয়ারম্যান
ডঃ মোশারফ হোসেন, ভাইস-চেয়ারম্যান

যোগাযোগ
6295 122937 / 93301 26912
9732 589 556

প্রথম নজর

নিরাপত্তা নিয়ে বারুইপুরে বৈঠকে পুলিশ

জাহেদ মিস্ত্রী ● বারুইপুর

আপনজন: বারুইপুর সোনার তরী কমপ্লেক্সে বারুইপুর পুলিশ জেলার বিভিন্ন স্বর্ণ ব্যবসায়ী ও বিভিন্ন ব্যাংক কর্মীদের সঙ্গে বিভিন্ন রকম সুরক্ষা ব্যবস্থা নিয়ে বিশেষ বৈঠক করলেন প্রশাসনের একাধিক আধিকারিক ও বারুইপুর পৌরসভার একাধিক ব্যক্তিত্ব।
যেভাবে সোনার দোকানে চুরি ও ডাকাতির একের পর এক ঘটনা ঘটছে বিভিন্ন জায়গায়, সেগুলো যাতে অনেক পরিমাণে কমানো যায়, তার বিশেষ কিছু পন্থা বললেন বারুইপুর এসডি পি ও অতীত বিশ্বাস। তিনি বলেন নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি খতিয়ে দেখা হবে।প্রত্যেকটা দোকানের সিসিটিভি ক্যামেরা লাগানো বাধ্যতামূল। সিসিটিভি ক্যামেরায় ঠিকমতো রেকর্ডিং হচ্ছে কিনা সেদিকে বিশেষ নজর দিতে হবে, রেকর্ডিং স্টোরেজ এর জায়গা সেই দোকান ছেড়ে অন্য জায়গায় রাখার পরামর্শ দেন। সেইসঙ্গে এলার্ম সিস্টেম ও রাখতে হবে। সমস্ত স্বর্ণ ব্যবসায়ীদের ফোনের ইমার্জেন্সি ডায়াল এ নিকটতম পুলিশ আধিকারিকদের ফোন নাম্বার সেভ করে রাখতে হবে। হেলমেট এবং মুখে মাস্ক পরে দোকানে ঢোকা নিষিদ্ধ করার কথা বলেন তিনি।

তাম্রলিপ্ত হাসপাতালের বেড থেকে রোগী উধাও

নিজস্ব প্রতিবেদক ● তমলুক

আপনজন: পূর্ব মেদিনীপুর জেলার তাম্রলিপ্ত মেডিকেল কলেজ এন্ড হাসপাতালের ২০ নম্বর মহিলা বেড থেকে রোগী উধাও । ছড়িয়েছে চাঞ্চল্য। চিন্তায় পরিবারের লোকজন।
হাসপাতালের বেড থেকে নিখোঁজ হওয়া রোগীর নাম বাসন্তী রায়(৪৫)। স্বামীর নাম মাখন রায়। নন্দকুমার ব্লকের বর গোদার গোদা গ্রামের বাসিন্দা। গত ২৬ জুন ২০২৪, বুধবার বিকালে বাসন্তী রায় বাড়িতে থাকাকালীন শ্বাসকষ্ট দেখা দেয়। তড়িঘড়ি করে তাম্রলিপ্ত মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে চিকিৎসার জন্য বাড়ির লোকজন ভর্তি করান। রোগীর কাছে অর্থাৎ বাসন্তী রায়ের কাছে তাঁর নিজের বৌমা কল্যাণী রায় ছিলেন। শুক্রবার হাসপাতাল থেকে রোগীকে ছেড়ে দেওয়ার কথা বলে জানিয়েছেন রোগীর বৌমা কল্যাণী রায়। বৃহস্পতিবার রাতে কল্যাণী রায় রোগীর বেডের পাশে ঘুমিয়ে পড়েন। ঘুম ভেঙ্গে দেখেন বেডে আর শ্বাশুড়ি মা অর্থাৎ বাসন্তী রায় শুয়ে নেই। রাত থেকে খোঁজাখুঁজি চলে। কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না।
বাসন্তীদেবির নাতি রাজু রায় জানান, ঘটনার খবর পেয়ে আমরা চিন্তায় পড়ে গিয়েছি। হাসপাতাল কর্তৃপক্ষের গাফিলতি। রাতে কিভাবে একটি রুগি নিখোঁজ হয়ে যেতে পারে। বিষয়টি হাসপাতাল কর্তৃপক্ষের পাশাপাশি স্থানীয় থানায় অভিযোগ জানান।

বৃষ্টি হওয়ার অপেক্ষায়

অঅপনজন: বৃষ্টিহীন মুর্শিদাবাদ। বৃষ্টির অপেক্ষায় মানুষ। ছবি:সারিউল ইসলাম

ধর্ষণের অভিযোগে বন্ধ হল প্রবর্তক সেবা সদন, গ্রেফতার ৩

জিয়াউল হক ● চন্দননগর

আপনজন: চন্দননগর প্রবর্তক সেবা নিকেতনের ঘটনায় তিনজন অভিভাবককে গ্রেফতার করলো পুলিশ। একই সাথে প্রশাসনের নির্দেশেই বন্ধ হলো প্রবত্যক সেবা সদন, চন্দননগরের বরাইচন্ডীতলার সরকারপাড়ায় রয়েছে চন্দননগর প্রবর্তক সেবা নিকেতন। এখানে দুটি বিভাগ মেয়েদের রাখা হয়। যার মধ্যে একটি জুভেনাইল জাস্টিস বিভাগ ও অপরটি সাধারণ বিভাগ। এই প্রবর্তক সেবা নিকেতনের সভাপতি পরিমল ব্যানার্জির নামে চাইল্ড ওয়েলফেয়ারের পক্ষ থেকে চন্দননগর থানায় জুভেনাইল জাস্টিস বিভাগের মেয়েদের ধর্ষণ এবং যৌন নির্যাতন করার অভিযোগ করে। তারপর থেকেই পরিমল ব্যানার্জি গা ঢাকা দেয়। বৃহস্পতিবার চাইল্ড ওয়েলফেয়ার দফতরের আধিকারিকরা ওই সেবা নিকেতনে যান এবং অভিভাবকদেরকে ডেকে মিটিংয়ে বসেন। সেই মিটিং-এই চাইল্ড ওয়েলফেয়ারের পক্ষ থেকে অভিভাবকদের জানানো হয় তাদের মেয়েদেরকে এখান থেকে বাড়ি নিয়ে চলে যেতে। তখনই অভিভাবকরা জানিয়ে দেয় পরিমল ব্যানার্জি সামনে এসে না বলা পর্যন্ত তারা তাদের মেয়েদেরকে এখান থেকে নিয়ে যাবে না। এরপরেই চাইল্ড ওয়েলফেয়ার দপ্তরের আধিকারিকদেরকে ঘেরাও করে রাখে অভিভাবকরা। চন্দননগর থানার পুলিশ সেখানে গিয়ে তাদেরকে উদ্ধার করে। পুলিশের অভিযোগ ওই সেবা নিকেতনের মধ্যে থাকা চাইল্ড ওয়েলফেয়ার অফিসারদের দুটি গাড়ি ভাঙচুর করা হয়। এমনকি পুলিশদের কাজে বাধা দেওয়া হয়। এই নিয়েই পুলিশের সাথে অভিভাবক এবং ছাত্রীদের তর্ক বিতর্ক শুরু হয়ে যায়। পরে চন্দননগর পুলিশ কমিশনারেটের ডিসি হেডকোয়ার্টারের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। গতকাল রাতেই সরকারি সম্পত্তি ভাঙচুর ও পুলিশি কাজে বাধা দেওয়ার অভিযোগে পুলিশ তিনজন অভিভাবককে গ্রেফতার করে। আজ তিনজনকেই চন্দননগর মহকুমা আদালতে তোলা হয়। আজ সকাল থেকে বেশ কিছু অভিভাবক তাদের সন্তানদের এখান থেকে নিয়ে চলে যায়। তবে বেশি সংখ্যক অভিভাবকদেরই মত তারা কোনমতেই এখান থেকে তাদের সন্তানদের নিয়ে যাবে না। নিয়ে গেলে তাদের ভবিষ্যৎ নষ্ট হবে। এই সময় তারা আর কোন স্কুলে গিয়েই ভর্তি হতে পারবে না।

জলাশয় ভরাটের খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন চেয়ারম্যানের

অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট



আপনজন: পুরসভার চেয়ারম্যানের নিজের ওয়ার্ডেই জলাশয় ভরাটের অভিযোগ।
খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শনে যান বালুরঘাট পুরসভার চেয়ারম্যান অশোক কুমার মিত্র। পুরো বিষয়টি খতিয়ে দেখেন তিনি। যদিও জলাশয় ভরাটের অভিযোগ অস্বীকার করা হয়েছে জমির মালিকের তরফে।
জানাগিয়েছে, বালুরঘাট পুরসভার ৫ নং ওয়ার্ডের একটি জলাভূমি ভরাটের অভিযোগ দায়ের হয় মহকুমা শাসকের অফিসে। সেই অভিযোগের ভিত্তিতেই পদক্ষেপ গ্রহণ করে বালুরঘাট পৌরসভা। এদিন চেয়ারম্যান ৫ নং ওয়ার্ডে গিয়ে ওই জলাভূমি ভরাটের বিষয়ে বিশদে খোঁজখবর নেন।
যদিও পরিদর্শনে গিয়ে চেয়ারম্যান জানান, তিনি ওই জমির মালিকের সঙ্গে কথা বলে জেনেছেন এলাকায় কোন জলাভূমি নয় একটি ডোবা রয়েছে। তার পাশেই একটি রাস্তা রয়েছে। সেই রাস্তা উঁচু করার কাজ করছিলেন বাড়ির মালিক। চেয়ারম্যান আরো জানিয়েছেন, অভিযোগ পেয়েই এলাকায় এসে বিষয়টি নিয়ে খোঁজখবর নেন এবং ওই জমির মালিক যে জায়গা উচু করার কাজ করছেন সেটাও বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন। এই বিষয়ে ওই জমির মালিক জয়দেব জানান, 'জলাভূমি ভরাটের অভিযোগ পেয়ে চেয়ারম্যান পৌরসভার আধিকারিকদের সাথে এলাকায় এসে বিষয়টি সম্পর্কে খোঁজখবর নেন। আমার বাড়ির পাশে কোন জলাশয় নেই বরং একটি ডোবা রয়েছে। কিন্তু আমি ওই ডোবা ভরাট করছি না। ওই ডোবার পাশে থাকা নিচু রাস্তা উচু করা হচ্ছিল। পৌরসভার নির্দেশ মেনে রাস্তা উঁচু করার কাজও বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছি।'

ট্রেনের টিকিট জালিয়াতি, যুবক গ্রেফতার

মোহাম্মদ জাকারিয়া ● ডালখোলা

আপনজন: ট্রেনের টিকিটে জালিয়াতির অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে ডালখোলা আরপিএফ। বৃহস্পতিবার করণদিঘি থানার সাবধান এলাকা থেকে মহম্মদ নুরজামাল (২৭) নামে ওই যুবককে গ্রেপ্তার করা হয়। রেল পুলিশ তার কাছ থেকে একটি ল্যাপটপ, একটি মোবাইল এবং পাঁচটি ট্রেনের টিকিট বাজেয়াপ্ত করেছে। সূত্রের খবর অনুযায়ী, অভিযুক্ত যুবক বেশ কয়েক মাস ধরে ভুয়ো আইডি ব্যবহার করে জাল ট্রেনের টিকিট তৈরি করে বিক্রি করছিল। মুম্বাইয়ের সাইবার সেল থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে এই অভিযান চালানো হয়। এরপর রেল পুলিশ তাকে গ্রেপ্তার করে।

৮ জন টোটো চোর পুলিশের জালে

সুভাষ চন্দ্র দাশ ● বাসন্তী

আপনজন: বড়সড় সাফল্য পেল বারুইপুর পুলিশ জেলার বাসন্তী থানার পুলিশ। একজন কিংবা দুজন নয়,এক রাতের অভিযানে ৮ জন টোটো চোর কে পাকড়াও করলো পুলিশ।পাশাপাশি চুরি হওয়া ৪ টি টোটো গাড়ি উদ্ধার করতে সক্ষম হয়েছে বাসন্তী থানার পুলিশ। ধৃতরা হল মিজানুর গাজী,সালামত সরদার,জাকির লস্কর,রহিম উদ্দিন শেখ ওরফে খোকন,অম্বর সরদার ওরফে মামা,হানিফ শেখ,সাবির আলি পিয়াদা ও সামির আলি পিয়াদা।ধৃতদের বাড়ি বাসন্তী থানার ৮ নম্বর খড়িমাচান,তালদা চরপাড়া,পানিখালি ও ক্যানিং থানার মিঠাখালি এলাকায়।

মিড ডে মিলে কাঁকড়া বিছে, ব্যাপক উত্তেজনা সৃষ্টি বাঁকুড়ায়

সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া

আপনজন: টিকটিকির পর এবার স্কুলের মিড ডে মিলে মিলল আস্ত কাঁকড়া বিছে। কাঁকড়া বিছে সহ মিড ডে মিলের খাবার পড়ুয়াদের পরিবেশনও করা হয়। মিড ডে মিল খেতে গিয়ে খাবারের মধ্যে কাঁকড়া বিছেটি চোখে পড়ে পড়ুয়াদের। ঘটনা বাঁকুড়ার লছমনপুর পরমহংস যোগানন্দ বিদ্যাপীঠে। বিষয়টি জানাজানি হতেই এলাকায় ব্যপক উত্তেজনা ছড়িয়ে পড়ে। স্কুল প্রশাসন দায় এড়ানোয় বিষয়টি জানানো হয় স্থানীয় ব্লক প্রশাসনকে। বিক্ষোভ দেখানো হয় স্থানীয় গ্রাম পঞ্চায়েতেও। স্থানীয় সূত্রে জানা গেছে অন্যান্য দিনের মতোই আজ বাঁকুড়ার লছমনপুর পরমহংস যোগানন্দ বিদ্যাপীঠে মিড ডে মিল রান্না হয়। নির্দিষ্ট সময়ে রান্না করা খাবার পরিবেশনও করা হয় পড়ুয়াদের। খাবার খেতে গিয়ে এক পড়ুয়া দেখে খাবারের থালায় পড়ে রয়েছে আস্ত কাঁকড়া বিছে। বিষয়টি স্কুল কর্তৃপক্ষের নজরে আনলে শিক্ষকরা ওই পড়ুয়াকে বিষয়টি চেপে যেতে বলেন বলে অভিযোগ। কিন্তু স্কুল ছুটি হতেই বিষয়টি জানতে পারেন অভিভাবকরা। এরপরই এলাকার মানুষের ক্ষোভ আছড়ে পড়ে স্কুল ও স্থানীয় লছমনপুর গ্রাম পঞ্চায়েতে। অভিভাবক ও স্থানীয়দের তরফে স্কুলের বিরুদ্ধে দায়িত্ব জ্ঞানহীনতার অভিযোগ তুলে অভিযোগ জানানো হয় স্থানীয় গঙ্গাজলঘাটি ব্লক প্রশাসনকেও। পড়ুয়া ও অভিভাবকদের দাবী নোংরা পরিবেশে মিড ডে মিল রান্না করার ফলেই এমন ঘটনা ঘটেছে। অভিভাবকদের অভিযোগ বিষয়টি সামনে আনার পরও পদক্ষেপ করেনি স্কুল কর্তৃপক্ষ। অভিভাবকদের প্রশ্ন ওই খাবার খেয়ে কেউ অসুস্থ হয়ে পড়লে তার দায় কে নিত? বিষয়টি নিয়ে স্কুল কর্তৃপক্ষের বক্তব্য মেলেনি। স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধান বিষয়টিকে স্কুল কর্তৃপক্ষের এক্তিয়ারভূক্ত বলে দায় এড়িয়েছে।

অ্যাপের মাধ্যমে পুরসভা হকারদের মুখের ছবি মেলানো হবে: ফিরহাদ

সুব্রত রায় ● কলকাতা

আপনজন: আমরা মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী বৈঠক করেছি। বৈঠকে সবাই ছিলেন ।পৌর দফতরের সচিব ছিলেন। আমরা সার্ভে শুরু করে দিয়েছি । গড়িয়াহাট থেকে সার্ভে শুরু করে দিয়েছে ।হাতিবাগান, নিউ মার্কেট সহ বিভিন্ন জয়গায় সার্ভে হবে। শুক্রবার কলকাতা পৌরসভায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা জানান মেয়র ফিরহাদ হাকিম। তিনি বলেন,খুঁটিয়ে দেখা হবে হকাররা আছেন কি না। একটা অ্যাপ তৈরি হচ্ছে। জিপিএস লোকেশ কোথায় আছে সেটা খুঁটিয়ে দেখা হচ্ছে। গড়িয়াহাট এবং বেহালাতে মাল রাখার জায়গার খোঁজ হচ্ছে। হাতিবাগানে এখনও জায়গা পাওয়া যায়নি। আমরা কার পার্কিং এক মাস পর থেকে মেশিনের মাধ্যমে তুলব। আমরা ডিসপ্লে করে দেব কোথায় ফ্রি এবং কোনটা ফি পার্কিং আছে তার জন্য একটা বোর্ড লাগানো হবে। গড়িয়াহাট আমরা সরকারি একটা টেন্ডার করব। শুক্রবারের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একমাস পরে সার্ভে রিপোর্ট জমা দেব। আমরা কোথাযও হকার উচ্ছেদ করেনি। পুলিশ ও কোথায় উচ্ছেদ করেনি। হকার দের রেগুলারিজ করা হয়েছে। যেটা ভাঙ্গা হয়েছে সেটা সরকারি জমিতে বেআইনি ভাবে স্ট্রাকচার করা হয়েছে । সেটা ভাঙ্গা হয়েছে। ফুটপাত আমার অধিকার নয়। ফুটপাত সরকারি জায়গায়। সেটা আমার সম্পত্তি নয় ,যে আমি সেটা নিজের ছেলে কে দিয়ে যাব। এটাকে ভাড়া দেওয়ার আমার অধিকার নয়। যারা হকিং করছে শুধু তার অধিকার। চারটে ডালা, পাঁচটা ডালা লাগিয়ে রেখেছে। একটা আইন যেটা সুপ্রিম কোর্টের অনুমতি নির্দেশ রয়েছে। একটা হকার চলে যাবে তার জায়গায় নতুন হকার আসবে। আমাদের হকিং জোন , নো হকিং জোন এবং নিউট্রাল জোন আছে। আমাদের দেশে অর্থর সামাজিক উন্নয়ন হয়নি। আমাদের দেশে যে ভাবে মূল্যবৃদ্ধি হয়েছে ভাবা যায় না। আমাকে ফুটপাত দিয়েছে বলে আমি ফুটপাত দখল করার জন্য নয়। আমরা সেই সার্ভে করব যে কর্মচারী হকিং করবে তার দোকান হয়ে যাবে। সেটা কারোর বাবর সম্পত্তি নয়। যারা হকারকে ভাড়া দিচ্ছে সেটা বেআইনি। আমার ছবি তুলব। যে লোক থাকবে তাদের দোকান হবে। অ্যাপ আধার কার্ডের সঙ্গে যুক্ত করা হবে। কেউ ডালা বিক্রি করতে পারবে না। সুপ্রিয় কোর্ট হাত বদলের অধিকার কাউকে দেয়নি। আমাদের টাউন ভেন্ডিং করবে সেটা তারা করবে। হকারদের কমিটিতে কাউন্সিলররা থাকবে না। শুধু হকাররা থাকবে। আমরা পরিদর্শন করে বলেছি ৩/৫ ফুট জায়গায় রেখে বাকিটা ছেড়ে দাও। সোমবার আমরা ভেন্ডিং সার্টিফিকেট দেব। যারা কষ্ট করে বসবে। খাটবে সেটা তার অধিকার। হকার ভাড়া দেওয়ার জন্য নয়। আমি ডালা বিক্রি করতে পারি না।

স্কুলে রোমিও-তাণ্ডব, হুমকির মুখে শিক্ষক

রঙ্গিলা খাতুন ● কান্দি

আপনজন: মুর্শিদাবাদের কুলি টৌরাস্তা সাধারণ বিদ্যাপীঠ স্কুলের গেটের সামনে প্রায় বহিরাগত রোমিওরা শিক্ষার্থীদের উত্তপ্ত করে এর প্রতিবাদ করায় শিক্ষকের বাড়িতে গিয়ে আশ্রাব্য ভাষায় গালিগালাজ এবং হুমকি দেওয়া হয় বলে অভিযোগ।
স্থানীয় সূত্রে জানা যায়, প্রতিদিন স্কুল শুরু থেকে টিফিন আওয়ার এমনকী ছুটির সময় স্কুল গেটের সামনে বহিরাগত রোমিওদের চলে বাইক নিয়ে দাপাদাপি এবং ইভটিজিং , । ফলে স্কুল ছাত্রীদের পক্ষে বিষয়টি অসহ্য হয়ে উঠছিল। ছাত্রীরা শিক্ষকদের ঘটনার কথা জানায়। এ নিয়ে কয়েক দিন আগে ভূগোল শিক্ষক ইকবাল মাতিন বহিরাগতদের সাবধান করেন। কিন্তু এর ফল হয় বিপরীত। ওই শিক্ষককেই ঘুরিয়ে নিগ্রহ করার অভিযোগ উঠেছে। এদিকে বৃহস্পতিবার স্কুল খোলার সাথে সাথে ফের বহিরাগতরা তান্ডব শুরু করে। সেই সময় এক স্কুল শিক্ষক প্রতিবাদ করলে সেই শিক্ষককেও হুমকি দেওয়া হয়। তার বাড়িতে গিয়ে গালিগালাজ এবং হুমকি দেয়। এ নিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। এদিনস্কুলের সমস্ত শিক্ষক এবং স্থানীয় ব্যবসায়ীরা, ওই বহিরাগতদের ধরে ফেলেন। পরে তাদের অভিভাবকদের ডেকে পাঠানো হয়। যদিও বিষয়টি পুলিশের হাতে তুলে না দিয়ে শেষ বারের মতো শুধরে নেওয়ার সুযোগ দেওয়া হয়েছে। সাধারণ বিদ্যাপীঠের প্রধান শিক্ষক শের নওয়াজিস বলেন, অভিভাবকদের নিয়ে আমরা মীমাংসা করে নিয়েছি। পরিবর্থীতে যদি কোন এরকম শিক্ষককে নিগ্রহ করা হয়। তাহলে আমরা স্কুলের পক্ষ থেকে প্রশাসনকে জানাতে বাধ্য।" যদিও ভূগোলের শিক্ষক ইকবাল মাতিন জানান "আমরা বাইরে থেকে শিক্ষাগতা করতে আসি এই স্কুলে। স্কুল ছুটির পর আমাদের সঙ্গে কি হবে আমরা বুঝে উঠতে পারছিনা।" নাম প্রকাশে অনিচ্ছুক সাধারণ বিদ্যাপীঠের একজন শিক্ষক বলেন, স্থানীয় শিক্ষকদের বাড়িতে গিয়ে হুমকি দিয়ে আসছে।

অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শিশুর অন্নপ্রাশন!

আরবাজ মোল্লা ● নদিয়া

আপনজন. নদিয়ায় অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শিশুর অন্নপ্রাশন, সাজানো হয় গোটা কেন্দ্র। শান্তিপুর ব্লক জুড়ে পালিত হচ্ছে আইসিডিএস সেন্টারে অন্নপ্রাশন উৎসব,তবে কেন এই অন্নপ্রাশন উৎসব বাড়িতে না হয়ে বিদ্যালয়ে করা হচ্ছে এ বিষয়ে জানতে গেলে সরকারি নিয়মের কারণেই এই ঘটা করে অন্নপ্রাশনের আয়োজন।শান্তিপুর ব্লকের হরিপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ৭২ নম্বর আইসিডিএস সেন্টারে। সাত মাস থেকে নয় মাসের বয়সী শিশুদের মধ্যে একজনকে অন্নপ্রাশন দেয়া হলো এবং পুষ্টিগত খাবার প্রদান করা হলো আইসিডিএস সেন্টারের পক্ষ থেকে। প্রতিমাসের চতুর্থ শুক্রবার পুষ্টি দিবস, আজ যেহেতু চতুর্থ শুক্রবার সেই কারণেই সরকারি নিয়মকে মান্যতা দিয়ে অনুষ্ঠিত হলো শিশুর অন্নপ্রাশন উৎসব। আজ থেকেই শিশু পুষ্টিগত খাবার আইসিডিএস সেন্টার থেকে পাবে এমনটাই জানান আইসিডিএস সেন্টারের সুপারভাইজার এবং অঙ্গনওয়াড়ি কর্মী। তবে এই ঘটা করে অন্নপ্রাশন অনুষ্ঠান আয়োজন করায় যথেষ্টই খুশি শিশুর অভিভাবক এবং আইসিডিএস এ পাঠানো অন্যান্য শিশুরা। মিষ্টি সহযোগে অন্নপ্রাশন করা হল।

দল বিরোধী কাজের জন্য বহিষ্কৃত নেতা

সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ ●বীরভূম

আপনজন: সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচনে তৃনমূল কংগ্রেস পদাধিকার কর্মীদের ভূমিকা নিয়ে চলছে অন্তর তদন্ত।দলে থেকে বিরোধী দলের হয়ে কাজ বা সমর্থন করেছে এরূপ নেতা কর্মীদের চিহ্নিত করণ করে বহিষ্কার প্রক্রিয়াকরন শুরু হয়েছে তৃনমূল কংগ্রেসের পক্ষ থেকে।সেরূপ ২০২৪ এর লোকসভা নির্বাচনে দল বিরোধী কাজ করার অভিযোগে রামপুরহাট শহর তৃণমূল কংগ্রেস কমিটির সাধারন সম্পাদক পদ সহ দলের সদস্য পদ থেকে সুদেব দাস কে আগামী ৬ বছরের জন্য বরখাস্ত করা হয়।সাংবাদিক সম্মেলন করে সে কথা ঘোষণা করেন রামপুরহাট শহর তৃণমূল কংগ্রেস কমিটির সভাপতি সৈয়দ সিরাজ জিম্মি। তিনি বলেন লোকসভা ভোটে দল বিরোধী কাজ করার অপরাধেই মূলত দল থেকে বহিষ্কার করা হল রামপুরহাট এক নাম্বার ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর সুদেব দাসকে। বুথ স্তর সহ বিভিন্ন স্তর থেকে তার বিরুদ্ধে দল বিরোধী কাজের অভিযোগ ওঠে। তারপর এই সিদ্ধান্ত।

ছড়িয়ে-ছিটিয়ে

রাজনৈতিক প্রতিহিংসা ডোমকলে

সজিবুল ইসলাম ● ডোমকল

আপনজন: ভোট মিটলেও ভোট পরবর্তী হিংসা বন্ধ হয়নি মুর্শিদাবাদের ডোমকলে,রাতের অন্ধকারে লঙ্কা ও বেগুন জমির গাছ কেটে নষ্ট করার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে,যদিও অভিযোগ অস্বীকার তৃণমূলের, ঘটনাটি ঘটেছে শুক্রবার সকালে মুর্শিদাবাদের ডোমকলের অম্বরপুর একুশ নম্বর ওয়ার্ড এলাকায়। জমির মালিক রহিদুল সেখের অভিযোগ প্রায় ছয় কাঠা জমির লঙ্কা ও বেগুনের গাছ কেটে নষ্ট করেছে তৃণমূলের দুষ্কৃতীরা। স্থানীয় সূত্রে জানাযায় গত বৃহস্পতিবার জোট কর্মীর হাতে আক্রান্ত হয় তৃণমূলের এক কর্মী,সেই রাজনৈতিক প্রতি হিংসায় লঙ্কা ও বেগুন গাছ কেটে নষ্ট করা হয়েছে, এমনটাই দাবী ওই কৃষকের। ঘটনায় ফের চাঞ্চল্য ছড়িয়েছে অম্বরপুর একুশ নম্বর ওয়ার্ড এলাকায়। ঘটনায় স্থানীয় থানায় লিখিত অভিযোগ দায়ের করবেন বলে জানান ক্ষতিগ্রস্থ কৃষিক এবং সঠিক তদন্ত করে দোষীদের সাজার দাবি করেন।

নতুন ট্রান্সফরমারের দাবিতে রাস্তা অবরোধ

সজিবুল ইসলাম ● ডোমকল

আপনজন: ভারত বাংলাদেশ সীমান্তে সাগরপাড়ার ধনিরামপুর কান্দিপাড়া এলাকায় বিদ্যুৎ পরিষেবা নিয়ে ক্ষুব্ধ স্থানীয় গ্রামবাসীরা,প্রচন্ড গরমের মধ্য গ্রামে থাকে না ভোল্টেজ, ঘোরে না ফ্যান জলেনা লাইট। ট্রান্সফরমার ঠিকমত বিদ্যুৎ সাপ্লাই দিতে পারে না। ফলে ট্রান্সফরমারের ফেজ কেটে যায় বারে বারে।ছেলেমেয়েদের নিয়ে,বয়স্ক মানুষদের নিয়ে সমস্যায় জর্জরিত গ্রামবাসীরা।
প্রায় একমাস থেকে এই সমস্যায় ভুগছেন সাধারণ মানুষ। নতুন আলাদা একটি ট্রান্সফরমারের দাবিতে পথ অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকে সাধারণ মানুষ। রাস্তায় বেঞ্চ পেতে,বাঁশ বেঁধে অবরোধ করা হয়। ফলে ধনিরামপুর ডোমকল রাজ্য সড়ক অবরুদ্ধ হয়ে পড়ে। ফলে যাত্রীবাহী বাস,ছোট ছোট যানবাহন,ট্রাক্টর আটকে পড়ে।খবর পেয়ে ঘটনাস্থলে আসে সাগরপাড়া থানার পুলিশ প্রশাসন। পুলিশ পৌঁছে অবরোধ কারীদের সঙ্গে কথা বলে সমস্যা সমাধানের চেষ্টা করেন,যদিও গ্রামবাসীদের দাবি,নতুন ট্রান্সফরমার না আসা পর্যন্ত পথ অবরোধ চলবে,পরে ঘটনাস্থলে আসে ইলেকট্রিক দপ্তরের কর্মীরা।
সকাল সাড়ে সাতটা থেকে বেলা সাড়ে নটা পর্যন্ত প্রায় দুঘন্টা ধরে অবরোধ চলে। শেষ পর্যন্ত পুলিশ প্রশাসন এবং ইলেকট্রিক দপ্তরে কর্মীদের আশ্বাসে রাস্তা অবরোধ তুলে নেয় গ্রামবাসীরা।যদিও ইলেকট্রিক দপ্তর সূত্রে জানা যায় একমাসের মধ্যে নতুন একটি ২৫ কেবি ট্রান্সফরমার বসিয়ে দেওয়া এবং পুরোনো ৬৩ কেবি ট্রান্সফরমারটি পরিবর্তন করে নতুন ট্রান্সফরমার দেওয়া হবে বলে জানান।পরে সাগরপাড়া থানার পুলিশ যানচলাচল স্বাভাবিক করে।

দামোদর নদে বালি চুরি কাণ্ডে গ্রেফতার ১২

আজিজুর রহমান ● গলসি

আপনজন: বেআইনি বালি খননকারী ১২ জনের একটি দলকে হাতেনাতে গ্রেফতার করলো গলসি থানার পুলিশ। ঘটনাস্থল থেকে ৬ টি ট্রাক্টরসহ ৩টি ট্রাক্টরের ট্রলি বাজেয়াপ্ত করা হয়।
পুলিশ জানিয়েছে, কিছুদিন ধরে জুজুটির দামোদর নদীর দামোদর জল প্রকল্পের কাছে অবৈধ্য ভাবে বালি তোলার অভিযোগ ছিল। সেইমতই ওই এলাকায় নজরদারি চালাচ্ছিল তারা। এর আগে বেশ কয়েকবার হানা দেওয়া হয়েছিল। তবে তখন নৌকা করে নদীর উপর দিয়ে পালাতে সক্ষম হলেও এবারে।আর শেষ রক্ষা হলো না। গতকাল ভোরে গোপন সূত্র মারফত খবর পেয়ে ফাঁদ পেতেছিল গলসি থানা। ভোরের বেলায় আচমকা যৌথ অভিযান চালায় বর্ধমান, খন্ডঘোষ ও গলসি থানার পুলিশ বাহিনী। সাথে ছিল ব্লক ভূমি ও ভূমি সংস্কার দপ্তর। আচমকা ঘিরতেই পুলিশের জালে ধরা পড়ে অবৈধ ও বেআইনি বালি খননে যুক্ত ১২ জন অভিযুক্ত। বাজেয়াপ্ত হয় ৬টি ট্রাক্টর সহ তিনটি ট্রলি। ধৃতেরা হলেন বিশাল মাহাতো (২০) আনন্দ রায় (৩৩) সঞ্জীব বাগ (৩২) ছোট লাল মাহাতো (৩২) এদের বাড়ি গলসির কোনারপুর গ্রামে। রবীন মন্ডল (৫৫) উৎপল মন্ডল (৪০) গোপাল বালা (৪৮) গৌর কীর্তনীয়া (৩০) এদের বাড়ি গলসি থানার কালীমোহনপুর গ্রামে। সাহেব ঘোষ (২৬) বাড়ি জাঁহাপুর, বুদ্ধদেব প্রামাণিক (৫০) বাড়ি তাহেরপুর।

প্রথম নজর

মিশরে উদ্ধার ৯ শত বছরের পুরনো ১৪০০ মমি

আপনজন ডেস্ক: মমির কথা এলেই চলে আসে প্রাচীন মিশরের কথা। প্রাচীন গ্রিস কিং রোমের চেয়েও পুরোনো নিদর্শন জড়িয়ে আছে মিশরীয় সভ্যতায়। কিছুদিন পরপরই মিশরে সন্ধান পাওয়া যায় বিভিন্ন পুরোনো মমির। এবার দেশটির আসওয়ান শহর থেকে উদ্ধার হল ১৪০০টির বেশি মমি। খবর এনডিটিভির। আজ শুক্রবার মিশরের প্রত্নতাত্ত্বিক বিভাগ জানিয়েছে, সম্প্রতি আসওয়ান শহর থেকে ৩৬টি সমাধির সন্ধান পেয়েছেন দেশটির প্রত্নতাত্ত্বিকরা। যার প্রতিটি সমাধিতে অন্তত ৩০ থেকে ৪০টি মমি রয়েছে। ইতিহাসবিদদের ধারণা, মমিগুলো ৯০০ বছরেরও পুরোনো। নীল নদের তীরে অবস্থিত মিশরের প্রাকৃতিক প্রাচুর্য্যের কথা কে না জানে! পৃথিবীজুড়ে সমস্ত ইতিহাসের পাঠে মিশরের অবস্থান। পৃথিবীতে একেক সভ্যতার হাত ধরে এসেছে দিগন্ত উন্মোচন করা নানা অগ্রগতি। বর্তমানে যে শহরে মমি পাওয়া গেছে, এই আসওয়ান শহরটি ৪৫০০ হাজার বছরের পুরোনো। এই শহরে মধ্যে প্রাচীন পারস্য, মিশরীয়, রোমান, গ্রিক এবং আফ্রিকানরা বসবাস করত। প্রত্নতাত্ত্বিকদের একটি বিশেষ দল ৫ বছর ধরে অনুসন্ধান করে এ মমিগুলো আবিষ্কার করেছে। মনে করা হচ্ছে, এখানে যাদের সমাধিস্থ করা হয়েছিল তাদের বেশিরভাগ সংক্রামক রোগে প্রাণ হারিয়েছেন। সে সময়েও যে শ্রেণি-প্রথা ছিল তার বিবরণ পাওয়া যায়। কিছু সমাধি পাওয়া গেছে পাহাড়ের চূঁড়ায়। আর মধ্যবিত্ত শ্রেণির মানুষদের সমাধিস্থ করা হয়েছে পাহাড়ের নিচে। প্রত্নতাত্ত্বিকরা জানান, এ শহরে মানুষদের শ্রেণি অনুসারে সমাধিস্থ করা হয়েছে। অভিজাতদের পাহাড়ের চূড়ায় সমাধিস্থ করা হয়েছে এবং মধ্যবিত্তদের তাদের নিচে সমাধিস্থ করা হয়েছে। প্যাট্রিজিয়া পিয়াসেন্টিনি এক প্রত্নতাত্ত্বিক দাবি করেছেন, সমাধিস্থলটির অবস্থান প্রায় ২ লাখ ৭০ হাজার ফুট জায়গা জুড়ে।

গাজায় থামছে না ইসরায়েলি তাণ্ডব, প্রায় নিহত ৩৮ হাজার

আপনজন ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলি তাণ্ডব থামছেই না। দেশটিতে গত ২৪ ঘন্টায় ইসরায়েলি হামলায় আরো ৪৭ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। এতে করে উপত্যকাটিতে নিহতের মোট সংখ্যা ছাড়িয়ে গেছে ৩৭ হাজার ৭৬৫। পাশাপাশি এ সময় আহত হয়েছেন আরো ৮৬ হাজার ৪২৯ জন। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, ইসরায়েলি বাহিনী গত ২৪ ঘন্টায় পরিবারগুলোর বিরুদ্ধে তিনটি 'হত্যাকাণ্ডে' ৪৭ জনকে হত্যা করেছে এবং এতে আরো ৫২ জন আহত হয়েছেন। অনেক মানুষ এখনো ধ্বংসস্তূপের নিচে এবং রাস্তায় আটকা পড়ে আছেন কারণ উদ্ধারকারীরা তাদের কাছে পৌঁছাতে পারছেন না। মূলত গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির দাবি জানিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাব সত্ত্বেও ইসরায়েল অবরুদ্ধ এই ভূখণ্ডে তার নৃশংস আক্রমণ অব্যাহত রেখেছে। উল্লেখ্য, গত বছরের ৭ অক্টোবর ইসরায়েলে হামলা চালায় ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। ইসরায়েলি কর্তৃপক্ষের দাবি, এই হামলায় প্রায় ১২০০ নিহত ও দুই শতাধিক ইসরায়েলিকে জিম্মি করে গাজায় নিয়ে গেছে হামাস যোদ্ধারা। এর জবাবে ওই দিনই গাজায় বিমান হামলা ও পরে স্থল অভিযান শুরু করে ইসরায়েলি সেনাবাহিনী। আট মাস পেরিয়ে গেলেও এখনো এ হামলা অব্যাহত আছে। জাতিসংঘের মতে, গাজায় ইসরায়েলি আগ্রাসনে খাদ্য, বিশুদ্ধ পানি এবং ওষুধের তীব্র সংকটের মধ্যে ভূখণ্ডের ৮৫ শতাংশ বাসিন্দা অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত হয়েছে। সেই সঙ্গে অঞ্চলটির ৬০ শতাংশ অবকাঠামো ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়ে গেছে। জাতিসংঘ আরো বলছে, দীর্ঘ এ সময় ধরে চলা সংঘাতের কারণে মানবিক সংকটে দিন পার করছেন ফিলিস্তিনিরা। এছাড়াও খাবার, পানি, ওষুধ ও প্রয়োজনীয় মানবিক সহায়তার অভাবে উপত্যকাটির ২৩ লাখেরও বেশি বাসিন্দা চরম ক্ষুধা ও ভয়াবহ অপুষ্টিতে ভুগছেন।

বাইডেনকে 'ফিলিস্তিনি' তকমা দিলেন ট্রাম্প

আপনজন ডেস্ক: মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে 'খুবই খারাপ ফিলিস্তিনি' আখ্যা দিয়েছেন দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পের দাবি, ইসরাইলকে হামাসের বিরুদ্ধে লড়তে পর্যাপ্ত সহায়তা করতে চান না বাইডেন। খবর আল-জাজিরার বৃহস্পতিবার জর্জিয়ার আটলান্টায় বাইডেনের সঙ্গে প্রথম প্রেসিডেন্সিয়াল বিতর্কে সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, তিনি ফিলিস্তিনিদের মতো হয়ে গেছেন, কিন্তু তারা তাকে পছন্দ করে না, কারণ সে খুবই খারাপ ফিলিস্তিনি, সে দুর্বল। যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় বৃহস্পতিবার প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে একটি বিতর্কে অংশ নেন ট্রাম্প। তাদের এ বিতর্কে উঠে আসে হামাস ও ইসরাইলের যুদ্ধের বিষয়টি। ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় দখলদার ইসরাইল যুদ্ধ অব্যাহত রাখার পক্ষে কথা বলেছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ সময় ট্রাম্প অভিযোগ করেন হামাসের বিরুদ্ধে যুদ্ধে ইসরাইলকে বাইডেন পর্যাপ্ত সহায়তা দিচ্ছেন না। এ ছাড়া বাইডেনকে 'খুবই খারাপ ফিলিস্তিনি' হিসেবেও অভিহিত করেন তিনি। বিতর্কের এক পর্যায়ে প্রশ্ন উঠে গাজায় যুক্তরাষ্ট্রের যেসব জিম্মি রয়েছেন তাদের ফিরিয়ে আনতে মার্কিন সরকার কতটা কাজ করছে। এ সময় প্রেসিডেন্ট বাইডেন অভিযোগ করেন, হামাস ইসরাইলের সঙ্গে কোনো যুদ্ধবিরতি করছে না এবং হামাস চায় যুদ্ধ যেন অব্যাহত থাকে। যদিও দখলদার ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুই অসংখ্যবার বলেছেন তিনি গাজায় স্থায়ী যুদ্ধবিরতি চান না। বাইডেনের এমন বক্তব্যের পর ট্রাম্প বলেন, সে (বলছে) হামাস চায় যুদ্ধ চলুক। আসলে ইসরাইল চায় যুদ্ধ চলুক। তাদের যুদ্ধ চালাতে এবং কাজ সম্পন্ন করতে দিন। যদিও গত এপ্রিলে গাজা যুদ্ধ নিয়ে ট্রাম্পের সুর অন্য ছিল। তিনি তখন বলেছিলেন, তিনি চান যুদ্ধ দ্রুত থেমে যাক এবং সাধারণ মানুষ আর হত্যার শিকার না হোক।

আসন্ন ন্যাটো সম্মেলনকে ঘিরে নানা প্রশ্ন

আপনজন ডেস্ক: ইউরোপের রাজনৈতিক পরিস্থিতি এবং আমেরিকায় রাজনৈতিক পালাবদলের সম্ভাবনা ন্যাটোর গতিপথ প্রশ্নের মুখে ফেলছে। ইউক্রেনের জন্য সহায়তা অটুট রাখতে শীর্ষ সম্মেলনের আগেই উদ্যোগ চলছে। রাশিয়ার হামলার মুখে ইউক্রেনের প্রতি পশ্চিমা জগতের লাগাতার সমর্থন এতকাল সম্ভব হলেও ইউরোপ ও আমেরিকায় কিছু রাজনৈতিক পরিবর্তনের সম্ভাবনা সেই নিশ্চয়তাকে প্রশ্নের মুখে ফেলছে। সামরিক জোট ন্যাটোর ৭৫ বছর পূর্তি উপলক্ষে আগামী ৯ থেকে ১২ জুলাই ওয়াশিংটনে শীর্ষ সম্মেলনে বিষয়টি বাড়তি গুরুত্ব পাবে বলে ধরে নেওয়া হচ্ছে। ফ্রান্সে সাধারণ নির্বাচনে উগ্র দক্ষিণপন্থি শিবিরের ক্ষমতায় আসা এবং আমেরিকায় আগামী নভেম্বর মাসের প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের জয়ের সম্ভাবনা সামরিক জোটটির ঐক্য বড় প্রশ্নের মুখে ফেলছে। প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনের প্রস্থান এবং ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রোঁর রাজনৈতিক দুর্বলতা ন্যাটোর অনেক সিদ্ধান্ত প্রশ্নের মুখে ফেলবে। ন্যাটোর বিদায়ী মহাসচিব ইয়েন্স স্টলটেনবার্গ গুরুত্বপূর্ণ এই শীর্ষ সম্মেলনে বিঘ্ন এড়াতে কূটনৈতিক উদ্যোগ নিচ্ছেন। তিনি একাধিক সদস্য দেশ সফর করে ঐকমত্য গড়ে তোলার চেষ্টা করছেন। গত বছরের সম্মেলনে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়িপ এরদোয়ান সুইডেনের প্রার্থিতা নিয়ে প্রশ্ন তুলে ঐক্যে চিড় ধরিয়েছিলেন। এবারের সম্মেলনে হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবান গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে আপত্তি জানাতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। বিশেষ করে ইউক্রেনের জন্য সামরিক সহায়তার ক্ষেত্রে ন্যাটোর কেন্দ্রীয় ভূমিকার প্রস্তাবের বিরোধিতা করেছেন তিনি। তবে স্টলটেনবার্গের বুদাপেস্ট সফরের পর তিনি সেই উদ্যোগে বাধা সৃষ্টি না করার আশ্বাস দিয়েছেন। স্টলটেনবার্গের উত্তরসূরি হিসেবে নেদারল্যান্ডসের প্রাক্তন প্রধানমন্ত্রী মার্ক রুটের প্রতিও শেষ পর্যন্ত সমর্থন দেখিয়েছেন অরবান। অরবানের মতো নেতার সম্মতি আদায় করা ন্যাটো ও ইউরোপীয় ইউনিয়নে চ্যালেঞ্জ হয়ে উঠলেও পশ্চিমা জোটের মূল দুশ্চিন্তা আমেরিকায় রাজনৈতিক পালাবদল নিয়ে। ডোনাল্ড ট্রাম্প আবার হোয়াইট হাউসে পা রাখলে ন্যাটোর ঐক্যে চিড় ধরতে পারে, এমন সম্ভাবনা উড়িয়ে দেওয়া যাচ্ছে না। এখনও পর্যন্ত আমেরিকা 'রামস্টাইন প্রক্রিয়া' নামের কাঠামোর আওতায় প্রায় ৫০টি দেশের সঙ্গে ইউক্রেনের জন্য সামরিক সাহায্যের সমন্বয় করে চলেছে। ন্যাটো এখনও সরাসরি ইউক্রেনের জন্য গুরুত্বপূর্ণ সহায়তা না দিলেও ট্রাম্প ক্ষমতায় এলে পরিস্থিতি বদলে যেতে পারে। তিনি ইউক্রেনের জন্য সামরিক সহায়তায় কাটছাঁট করলে ন্যাটোকেই হয়তো সেই ঘাটতি মেটাতে হতে পারে। ইউক্রেনের জন্য সামরিক সহায়তা অটুট রাখতে নানা ধরনের আইনি নিশ্চয়তার উদ্যোগ চলছে। ইতালিতে জি-সেভেন শীর্ষ সম্মেলনে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইউক্রেন ১০ বছরের নিরাপত্তা চুক্তি স্বাক্ষর করেছে। এর আওতায় ভবিষ্যতে ইউক্রেনে আবার হামলা হলে আমেরিকা সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে। তবে বাইডেনের আমলেও আমেরিকা এবং সহযোগী দেশ জার্মানি ইউক্রেনের জন্য সহায়তার ক্ষেত্রে 'অতি সতর্ক' পদক্ষেপ নিয়েছে বলে ন্যাটোর অনেক সদস্য মনে করে।

সিরিয়ায় বিরতিহীনভাবে সম্পদ লুট করছে মার্কিনিরা: ইরান

আপনজন ডেস্ক: বহু বছর ধরে সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধের অজুহাতে সিরিয়ায় সামরিক উপস্থিতি বজায় রেখেছে যুক্তরাষ্ট্র। তবে মার্কিন সরকার বিরতিহীনভাবে দেশটির বিভিন্ন সম্পদ লুট করে চলেছে বলে অভিযোগ করেছে ইরান। সেই সঙ্গে সিরিয়া থেকে শিগগিরই মার্কিন সেনাদের কোনো শর্ত ছাড়াই প্রত্যাহারের ওপর জোর দিয়েছে দেশটি। জাতিসংঘে নিযুক্ত ইরানের স্থায়ী প্রতিনিধি আমির সায়িদ ইরাভানি মঙ্গলবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদের এক অধিবেশনে সিরিয়া থেকে শিগগিরই ও বিনাশর্তে সব মার্কিন সেনা সরিয়ে নেওয়ার দাবি জানিয়েছেন। সিরিয়ায় শান্তি প্রতিষ্ঠা ও আঞ্চলিক স্থিতিশীলতার জন্য বিষয়টি জরুরি বলে উল্লেখ করেছেন তিনি। ইরাভানি বলেছেন, মার্কিনিরা সন্ত্রাসবাদের সঙ্গে লড়াইয়ের পরিবর্তে 'জিবহাতুন নুসরার' মতো সন্ত্রাসী গ্রুপগুলোকে সমর্থন দিয়ে যাচ্ছে এবং সিরিয়ার জনগণের তেল ও অন্যান্য সম্পদ লুট করছে। যুক্তরাষ্ট্র সরকারসহ কোনো কোনো পশ্চিমা সরকার সিরিয়ায় সংঘাতগুলো দীর্ঘ করার জন্য দায়ী মন্তব্য করে ইরানের এই কূটনীতিক বলেছেন, কারণ এই সরকারগুলো সিরিয়ার জনগণের ওপর তাদের ইচ্ছা চাপিয়ে দেওয়ার চেষ্টা করছে। তিনি সিরিয়ার সার্বভৌমত্ব, রাজনৈতিক স্বাধীনতা, ঐক্য ও ভৌগলিক অখণ্ডতা রক্ষা করাকে সবার দায়িত্ব হিসেবে জোর দিয়ে বলেছেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই, বিদেশিদের দখলদারিত্ব এবং অবৈধ নিষেধাজ্ঞা থেকে উদ্ভূত অর্থনৈতিক সন্ত্রাসবাদের বিরুদ্ধে সংগ্রামে সিরিয়ার জনগণকে পরিত্যাগ করা আন্তর্জাতিক সমাজের উচিত নয়। সিরিয়ায় অবৈধভাবে অবস্থানরত সব বিদেশি সেনার দেশটির ভূখণ্ড থেকে প্রত্যাহারের ওপর জোর দিয়ে ইরাভানি বলেছেন, ইরান সিরিয়ার সার্বভৌমত্বের বিরুদ্ধে ইসরাইলের অব্যাহত আগ্রাসন এবং সেখানকার বেসামরিক জনগণের ওপর ও গুরুত্বপূর্ণ অবকাঠামোগুলোর ওপর হামলার তীব্র নিন্দা জানাচ্ছে। ইরান সিরিয়ার সংকটের রাজনৈতিক সমাধানের প্রতি অঙ্গীকারবদ্ধ বলেও মন্তব্য করেন তিনি। জাতিসংঘে নিযুক্ত ইরানের স্থায়ী দূত আরও বলেছেন, রাজনৈতিক প্রক্রিয়া ছাড়াও সিরিয়ার পুনর্গঠন ও বিদেশ থেকে সিরিয় শরণার্থীদের নিরাপদে স্বদেশে প্রত্যাবর্তন এবং ঘরোয়া পর্যায়ে শরণার্থী হওয়া সিরিয়দের নিজ নিজ অঞ্চলে পুনর্বাসনের মতো ক্ষেত্রগুলোতে আন্তর্জাতিক সহায়তার প্রচেষ্টা অব্যাহত থাকা জরুরি।

ইন্দোনেশিয়ায় সাইবার অপরাধে জড়িত সন্দেহে ১০৩ তাইওয়ানি আটক

আপনজন ডেস্ক: ইন্দোনেশিয়ার বালি দ্বীপের একটি ভিলায় অভিযান চালিয়ে ১০৩ জন তাইওয়ানের নাগরিককে আটক করেছে দেশটির অভিবাসন কর্তৃপক্ষ। শুক্রবার এক সংবাদ সম্মেলনে আইন ও মানবাধিকার মন্ত্রণালয়ের অভিবাসন তদারকি ও প্রয়োগ বিভাগের পরিচালক সফর মুহাম্মদ গোদাম সাংবাদিকদের বলেন, তাদের বিরুদ্ধে ভিসা ও বসবাসের পারমিটের অপব্যবহারের অভিযোগ আনা হয়েছে এবং তারা সম্ভাব্য সাইবার অপরাধে জড়িত বলে সন্দেহ করা হচ্ছে। ইন্দোনেশিয়ার কর্তৃপক্ষ আটকদের বিরুদ্ধে সাইবার অপরাধ পরিচালনার অভিযোগ আনতে পারবে না বলে জানান গোদাম। তিনি বলেন, 'পরিদর্শনের সময় আমরা জানতে পারি যে তারা মালয়েশিয়ায় লোকজনকে টার্গেট করছে। তারা ইন্দোনেশিয়ায় তাদের কার্যক্রম করেছে কিন্তু ভুক্তভোগীরা অন্য দেশে রয়েছে, তাই অপরাধের প্রমাণ পাওয়া কঠিন।' শিগগিরই আটক ১০৩ জনকে ফেরত পাঠানো হবে বলেও জানান তিনি। এর আগে গত বুধবার তাবানান জেলার কুকুহ গ্রামের একটি ভিলায় অভিযান চালিয়ে ৯১ জন পুরুষ ও ১২ জন নারীকে আটক করে অভিবাসন কর্তৃপক্ষ। এ সময় কম্পিউটার ও মোবাইলফোনও জব্দ করা হয়। অভিবাসন বিভাগের মহাপরিচালক সিলমি করিম বলেন, 'তাদের কাছে কাগজপত্র না থাকা এবং অভিবাসন পারমিটের অপব্যবহারের অভিযোগ রয়েছে।

ছড়িয়ে-ছিটিয়ে

এবার যুক্তরাষ্ট্রের দক্ষিণ সীমান্তের দিকে নজর আইএসের

আপনজন ডেস্ক: যুক্তরাষ্ট্রের গোয়েন্দা ও নিরাপত্তা কর্মকর্তারা সে দেশের দক্ষিণ সীমান্তে মনোযোগ ও নজরদারি বৃদ্ধি করছেন। অভিবাসন-প্রত্যাশীদের লাগাতার আগমন ইসলামিক স্টেট জঙ্গি গোষ্ঠীর দৃষ্টি আকর্ষণ করেছে বলে তারা উদ্বিগ্ন। চলতি মাসের শুরুতে তাজিকিস্তানের আট ব্যক্তিকে গ্রেফতার করার পর থেকে উদ্বেগ বৃদ্ধি পাচ্ছে। এই ব্যক্তিদের সবাই যুক্তরাষ্ট্রের দক্ষিণে মেক্সিকো সীমান্ত দিয়ে দেশে প্রবেশ করেছে। প্রাথমিক হাল-হদিস যাচাইয়ে কোনও সমস্যা না থাকলেও, যুক্তরাষ্ট্রের আইন প্রয়োগকারী সংস্থা পরে তথ্য সংগ্রহ করে যা ইঙ্গিত দিয়েছে যে, ইসলামিক স্টেট গোষ্ঠীর (আইএস বা আইএসআইএস নামেও পরিচিত) সঙ্গে এদের সম্পর্ক থাকতে পারে। যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড নিরাপত্তা বিভাগের গোয়েন্দা ও বিশ্লেষণ বিষয়ক আন্ডারসেক্রেটারি কেন ওয়েইনস্টেইন বলেন, "আমাদের ভুলে গেলে চলবে না, সেই থিয়েটারে যারা দেড়শ'র বেশি রুশকে হত্যা করেছিল তারাও বিশ্বের একই অঞ্চলের মানুষ।" মস্কোর কনসার্ট প্রেক্ষাগারে মার্চ মাসে হামলার প্রসঙ্গ টেনে তিনি এই মন্তব্য করেন। সেই হামলার দায় স্বীকার করেছিল আফগান-সম্পৃক্ত এক জঙ্গি গোষ্ঠী। বুধবার হাউস হোমল্যান্ড নিরাপত্তা বিভাগের সন্ত্রাসবাদ-মোকাবিলা বিষয়ক উপ-কমিটির কাছে সাক্ষ্য দিতে গিয়ে ওয়েনস্টেইন বলেন, আইএস সীমান্ত ব্যবহার করতে পারে, এমন সম্ভাবনা নিয়ে উদ্বেগ থাকায় যুক্তরাষ্ট্রের ন্যাশনাল কাউন্টার-টেররিজম সেন্টারের (এনসিটিসি) অধিকর্তার সঙ্গে দৈনিক বৈঠক করা হচ্ছে। পাশাপাশি এফবিআইয়ের সঙ্গে নজিরবিহীন সমন্বয় গড়ে তোলা হয়েছে। তবে আইএস-সম্পৃক্ত মানব-পাচার চক্র দক্ষিণ সীমান্ত দিয়ে চারশ'র বেশি অভিবাসন-প্রত্যাশীকে মধ্য এশিয়া থেকে যুক্তরাষ্ট্রে নিয়ে আসতে পারে, এমন গোয়েন্দা তথ্য তিনি কম গুরুত্ব দিয়ে দেখতে চান। ওয়েনস্টেইন আইনপ্রণেতাদের বলেন, "এমন কোনও তথ্য মেলেনি যা থেকে আন্দাজ করা যায় যে, ওই নির্দিষ্ট ব্যক্তিরা সক্রিয় সন্ত্রাসী।" এনবিসি নিউজ প্রথম জানিয়েছে, ওই ৪০০ জন অভিবাসন-প্রত্যাশীদের মধ্যে দেড়শ'র বেশি ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে বলে জানা গেছে।

সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৩.২২ মি.
ইফতার: সন্ধ্যা ৬.৩০ মি.



নামাজের সময় সূচি

ওয়াক্ত	শুরু	শেষ
ফজর	৩.২২	৪.৫৪
যোহর	১১.৪৫	
আসর	৪.১৮	
মাগরিব	৬.৩০	
এশা	৭.৫১	
তাহাজ্জুদ	১০.৫৫	

স্লোভাকিয়ায় ট্রেন-বাস সংঘর্ষ, নিহত ৭

আপনজন ডেস্ক: স্লোভাকিয়ায় ট্রেন-বাস সংঘর্ষে ৭ জন নিহত। এ ঘটনায় আহত হয়েছেন আরো ৫ জন। স্থানীয় সময় বৃহস্পতিবার (২৭ জুন) সন্ধ্যায় একটি ক্রসিংয়ে এই ঘটনা ঘটেছে। স্টেট রেলওয়ে কোম্পানি জেডএসএসকে জানিয়েছে, ১০০ জনের বেশি যাত্রী নিয়ে আন্তর্জাতিক ট্রেনটি প্রাগ থেকে বুদাপেস্টে যাচ্ছিল। পথিমধ্যে রাজধানী ব্রাতিস্লাভা থেকে ১১০ কিমি (৬৮ মাইল) পূর্বে নভে জামকির কাছে সংঘর্ষের ঘটনাটি ঘটে। তবে সংঘর্ষের কারণ তাৎক্ষণিকভাবে স্পষ্ট নয়।

পেরুতে ৭.২ মাত্রার শক্তিশালী ভূমিকম্প, সুনামি সতর্কতা

আপনজন ডেস্ক: পেরুতে ৭ দশমিক ২ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাতা হেনেছে। শুক্রবার মধ্য পেরু উপকূলে ভূমিকম্পটি আঘাত হানে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ (ইউএসজিএস)। খবর এনডিটিভির। ভূ-কম্পনের জেরে দেশটিতে সুনামির সতর্কতা জারি করা হয়েছে। জরিপ সংস্থা ইউএসজিএস বলছে, অ্যাটিকুইপা জেলা থেকে ৮ দশমিক ৮ কিলোমিটার দূরে ভূমিকম্পটি আঘাত হানে। প্রাথমিকভাবে মাত্রা কম থাকলেও পরে তা বাড়ে। সংস্থাটি বলছে, ভূমিকম্পটির কেন্দ্রের কাছাকাছি এলাকায় তীব্র কম্পন অনুভূত হয়। প্রশান্ত মহাসাগরীয় সুনামি সতর্কতা কেন্দ্র বিভিন্ন উপকূলের জন্য বিপজ্জনক সুনামির ঢেউয়ের পূর্বাভাস দিলেও পরে জানায়, ঝুঁকি কেটে গেছে। এটি জানায়, এ ভূমিকম্পে সুনামি হওয়ার আর কোনো ঝুঁকি নেই। প্রায় ৩৩ মিলিয়ন জনসংখ্যার পেরু তথাকথিত প্যাসিফিক রিং অব ফায়ারে অবস্থিত। এটি আমেরিকার পশ্চিম উপকূল বরাবর প্রবল ভূমিকম্পপ্রবণ বিশাল এলাকা। প্রতি বছর পেরুতে শত শত ভূমিকম্প শনাক্ত হয়।

ইসরায়েলি ঘাঁটিতে কয়েক ডজন ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা হিজবুল্লাহর

আপনজন ডেস্ক: লেবাননের ইসলামি প্রতিরোধ আন্দোলন হিজবুল্লাহ ইহুদিবাদি ইসরায়েলের উত্তরাঞ্চলের একটি সামরিক ঘাঁটিতে 'কয়েক ডজন' কাতিউশা ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে।হিজবুল্লাহ জানিয়েছেন, 'শত্রুর আক্রমণের জবাবে তাদের যোদ্ধারা নাবাতিয়েহ শহর এবং সোহমোর গ্রামে লক্ষ্য করে ইসরায়েলের উত্তরাঞ্চলীয় অঞ্চল কমান্ডের প্রধান বিমান ও ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ঘাঁটিতে কয়েক ডজন কাতিউশা রকেট নিক্ষেপ করেছে।' ইহুদিবাদী গণমাধ্যমের খবরে বলা হয়েছে, হিজবুল্লাহ রকেটের আঘাতে সাফাদের কাছে ইসরায়েলি সেনাদের "আইন জেইটিম" ঘাঁটিতে আগুন ধরে যায়। ইসরায়েলি সেনাবাহিনীর বিরইয়ার ব্যারাকের চারপাশে ব্যাপক মাত্রায় আগুন ধরে যায়। একইদিন ভূমধ্যসাগরের উপকূলে ইসরায়েলি আল-নাকুরা নৌ ঘাঁটিতে বেশ কয়েকটি আত্মঘাতী ড্রোনের সাহায্যে হামলা চালিয়েছে হিজবুল্লাহ। এসময় বেশ কয়েকজন ইসরায়েলি কর্মকর্তা ও সেনা হতাহত হয়েছে। এদিকে, ইসরায়েলি সামরিক বাহিনী একটি বিবৃতিতে বলেছে, আনুমানিক ৩৫টি রকেট লেবানন থেকে ইসরায়েলে ঢুকেছে। এয়ার ডিফেন্স সফলভাবে বেশিরভাগ রকেট আটকে দিয়েছে।

হজ্ব ওমরাহ যিয়ারত

উমর ফারুক ট্রাভেলস্

নলপুর, সাঁকরাইল, হাওড়া

সকলকে জানাই আসসালামু আলাইকুম

সমস্ত প্রশংসা সমস্ত তারিফ সেই মহান আল্লাহপাক এর জন্য যিনি আমাদের সমস্ত এবাদতের মধ্যে এক বিশেষ এবাদত হজ্ব ও ওমরাহ করার জন্য সহজ সরল রাস্তা দেখিয়ে দিয়েছেন, সেই কাজে আমরা সৎ ও নিষ্ঠার সাথে আপনাদের খেদমতে বহু বছর ধরে নিয়ে জিত আছি ও দোওয়া করেন আগামীতে আরো ভালো ভাবে সেবা করতে পারি ইনশাআল্লাহ।

আমাদের পরিষেবা

১৭ দিনের জন্য সাধারণ প্যাকেজ | প্যাকেজ | ১৭ দিনের জন্য স্পেশাল প্যাকেজ

■ মক্কা ও মদিনাতে কাছাকাছি থাকার ব্যবস্থা ■ বুফেতে ৩ টাইম খানা (ঘরোয়া রুচিসম্মত খানা) ■ মক্কা ও মদিনাতে সমস্ত যিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ্ঞ গাইড দ্বারা ভ্রমণের ব্যবস্থা আছে ■ ফ্লাইট যেকোনও এয়ারলাইন্স-এ হতে পারে

■ মক্কাতে হোটেল এর দূরত্ব প্রায় ৩৫০ মিটার থেকে ৪০০ মিটার ■ মদিনাতে হোটেল এর দূরত্ব প্রায় ১০০ মিটার থেকে ১৫০ মিটার ■ বুফেতে ৩ টাইম খানা (ঘরোয়া রুচিসম্মত খানা) ■ মক্কা ও মদিনাতে সমস্ত যিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ্ঞ গাইড দ্বারা ভ্রমণের ব্যবস্থা আছে ■ তায়েফ যিয়ারত ■ বদর যিয়ারত ■ ওয়াদিয়া জিন পাহাড় ■ বয়স্ক মানুষদের জন্য হুইলচেয়ারের সু-ব্যবস্থা আছে ■ জমজম ৫ লিটার ■ জেদ্দা ও আরব সাগর ভ্রমণ

রমজানের স্পেশাল অফার
সীমিত সময়ের জন্য বুকিং করুন

হাদিয়া
ল্যাগেজ ব্যাগ, সাইড ব্যাগ, জুতার ব্যাগ, গাইড বই, সাতদানা তসবি, ট্রলি ব্যাগ

যোগাযোগ
কাজী ওয়াসিম আকবার 8240569012
আব্দুল ফারাদ 7003187312
সেখ সাইন রহমান 7980004507

কলকাতা শাখা অফিস: ৪৯, কুষ্টিয়া মসজিদ বাড়ি লেন, কলকাতা - ৭০০০৩৯

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ১৭৪ সংখ্যা, ১৫ আষাঢ় ১৪৩১, ২২ জিলহজ, ১৪৪৫ হিজরি

মানুষের পরিকল্পনা

অর্থবিত্ত সকলেই চাহে। সম্পদ অর্জনের লোভ সকলেরই। বলা হয় যে, 'লোভ' হইল আধুনিক সমাজের চালিকাশক্তি; কিন্তু উহার লাগাম থাকা প্রয়োজন; কিন্তু অনেকেই রহিয়াছেন, যাহাদের লোভের দাঁড়ি-কমা থাকে না। তাহারা অত্যন্ত গোপনে এমন সকল কাজ বা পরিকল্পনা করিতে চাহেন–যাহার পরিপ্রেক্ষিতে মনে করেন–পৃথিবীর কেহ দেখে নাই। তাহারা মনে করেন, তাহারাই সবচাইতে বড় পরিকল্পনাকারী। মনে রাখিতে হইবে, মহান সৃষ্টিকর্তার নিয়ামত ছাড়া কেহ কোনো কিছু অর্জন করিতে পারেন না। বিশ্বের বৃহত্ অর্থনীতির রাষ্ট্রসমূহের তুলনায় আমরা ছোটস্য ছোট দেশ। অর্থ উপার্জন তো অন্যায় কোনো কাজ নহে। আমাদের দেশে যাহারা বিপুল এবং বিশাল অর্থসম্পদের মালিক, বিশ্বের শীর্ষপর্যায়ের ধনকুবেরদের তুলনায় তাহারা যোজনপথ পিছনে পড়িয়া রহিয়াছেন। বিশ্বের শীর্ষ ধনীদের শত শত প্রতিষ্ঠানে লক্ষ লক্ষ মানুষের কর্মসংস্থান হয়। উহা অত্যন্ত গুরুত্বপূর্ণ; কিন্তু সমস্যা বাধে তখনই যখন অর্থ উপার্জনের পথটি নিয়মনিষ্ঠ হয় না। তখন সেই অর্থ রাষ্ট্রের মানুষের কাজে লাগে না। সেই অর্থ যাহারা কুক্ষিগত করেন, তাহারা নিজেদের রক্ষা করিতে বিচিত্র সকল উপায়ে অর্থ পাচার করেন বলিয়া অভিযোগ রহিয়াছে। স্বাধীনতার পর হইতে অদ্যাবধি আমাদের দেশে যেই পরিমাণ অর্থ বিদেশে পাচার হইয়াছে, তাহা যদি না হইত তাহা হইলে যতখানি উন্নয়ন আমাদের হইয়াছে, তাহা আরো অধিক হইত নিঃসন্দেহে। যেই অর্থনৈতিক সংকটে আমাদের পড়িতে হয়, তাহা এইভাবে হইত না নিশ্চয়ই; কিন্তু কেন অর্থপাচার হয়? কেন অনেকে দেশ ত্যাগ করেন?

স্বাধীনতার পর আমাদের বাজেট বৃদ্ধি পাইতে পাইতে সাত লক্ষাধিক টাকায় উন্নীত হইয়াছে। অনেকের মতে, আমাদের বাজেটের মধ্যে উন্নয়ন খাতে যেই বরাদ্দ রহিয়াছে এবং সেই বরাদ্দে যাহারা বৃহত্তর কাজকর্মগুলি করিতেছেন, কিংবা সার্বিকভাবে যাহারা সুবিধার সিংহভাগ লইতেছেন, দেখা যাইবে–তাহাদের সংখ্যা মুষ্টিমেয়। অর্থাত্ স্বল্পসংখ্যক বিশেষ ব্যক্তিই কেবল বেনিফিশিয়ারি হইতেছেন। বৃহত্তর জনগোষ্ঠীর নিকট উন্নয়নের ব্যাপ্তি যতখানি হইতে পারিত, ততখানি হইতেছে না। এই জন্য মাননীয় প্রধানমন্ত্রীর মতো আমাদেরও জিজ্ঞাসা–কিছু মানুষ কেন এত টাকা বানাইয়া ফেলেন যে দেশ ছাড়িয়া ভাগিতে হয়? আসলে, অবৈধ উপায়ে অর্থ উপার্জনের এই অনিয়ন্ত্রিত 'লোভ' অত্যন্ত মারাত্মক। এই লোভের ব্যাপারে বিশ্বখ্যাত লেখক লেভ তলস্তয় তাহার 'সাড়ে তিন হাত জমি' গল্পে দেখাইয়াছেন আদিগন্ত বিপুল ভূমি ক্রয় করিতে গিয়া পাখোম কীভাবে মারা গিয়াছিলেন জমি দখলের একদম শেষ মুহূর্তে। জমি ক্রয়ের শর্ত ছিল, পাখোম সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত যতখানি হাঁটিবেন ততখানি জমির মালিক হইবেন; কিন্তু অধিক জমি পাইবার অনিয়ন্ত্রিত লোভে পাখোম ক্রমশ এত দূর অবধি চলিয়া গিয়াছেন যে, সূর্যাস্তের পূর্বে মূল জায়গায় ফিরিয়া আসিবার অন্তিমক্ষণে তাহার মৃত্যু হয়। আর মৃত্যুর পর তাহার কবরের জন্য প্রয়োজন হয় মাত্র 'সাড়ে তিন হাত জমি'। আমরা কেন ভুলিয়া যাই, আলেকজান্ডার দ্য গ্রেট-এর শেষ ইচ্ছার কথা? তিনি মৃত্যুর পূর্বে বলিয়া গিয়াছিলেন যে, তাহার উভয় হাত যেন তাহার কফিনের বাহিরে ঝুলাইয়া রাখা হয়। গ্রিক হইতে ভারতবর্ষ অবধি বিস্তৃত সর্বকালের বৃহত্তম সাম্রাজ্য তিনি তৈরি করিয়াছিলেন। মাত্র ৩০ বত্সর বয়সে আকস্মিক মৃত্যুশয্যায় তিনি বুঝিতে পারেন–তাহার জয় করা বিশাল সাম্রাজ্য, যুদ্ধের দ্বারা লুণ্ঠিত সম্পদ–সকল কিছু ত্যাগ করিয়া কেবল শূন্য হাতে তাহাকে ইহলোক ত্যাগ করিতে হইবে। এই জন্য তিনি পৃথিবীবাসীকে একটি বার্তা দিতে চাহিয়াছিলেন–বিশ্ববাসী দেখুক কফিনবন্দি এই বিশ্বজয়ী ব্যক্তিটির হাতটি আসলে নিঃস্ব-শূন্য-রিক্ত।

সুতরাং নিজেকে সংবরণ করিতে হইবে। সময়মতো নিজেকে সংবরণ করিতে না পারিলে তিনি বিশাল সম্পদের অধিকারী হইবেন ঠিকই; কিন্তু সেই সম্পদ তাহার ইহকালে কিংবা পরকালে কোনো কাজেই লাগিবে না। মাঝেমধ্যে আমাদের আত্মীয়স্বজনের কবরের নিকটে গিয়া দাঁড়াইয়া চুপচাপ মহান সৃষ্টিকর্তাকে স্মরণ করিতে হইবে। কারণ, নিজেই নিজেকে বারংবার মনে করাইতে হইবে যে, আমাদের সকলেরই প্রয়োজন ঐ মাত্র সাড়ে তিন হাত মাটি। আমরা মহান সৃষ্টিকর্তার ক্রীড়ানক মাত্র। আমাদের পরিকল্পনার কোনো মূল্যই নাই। সর্বোত্তম পরিকল্পনাকারী একমাত্র মহান আল্লাহ।

ইউরোপের নির্বাচন 'বিদ্রোহ'

জুন মাসের দ্বিতীয় সপ্তাহে ইইউর সংসদ নির্বাচনের মাধ্যমে প্রতিবাদ নয়, নির্বাচন 'বিদ্রোহ' ঘটে গেল। এ পর্যন্ত, সাধারণত যে পার্টি বা কোয়ালিশন পার্টি ক্ষমতায় থাকত, ভোটদাতারা সেই পার্টির প্রার্থীদেরকে ভোটে সংখ্যাগরিষ্ঠ বানিয়ে ব্রাসেলসের (ইইউর) সংসদে পাঠাত। অর্থাত্, 'ঘরে ও বাইরে' সংখ্যাগরিষ্ঠ থাকত। এবার (২০২৪) উলটোটি ঘটেছে; উদাহরণস্বরূপ, যেমন :চেক প্রজাতন্ত্রের জাতীয় সংসদে ১০৮ জন এমপিতে সমৃদ্ধ কোয়ালিশন সরকার বিরোধী পার্টিগুলোর ৮৪ জন এমপি নিয়ে সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার মেজাজ ও দেমাগ দেখাতে পারছে। কিন্তু ইইউর সংসদ নির্বাচনের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ পক্ষ এখন সংখ্যালঘিষ্ঠ, এবং সংখ্যালঘিষ্ঠরা সংখ্যাগরিষ্ঠ। লিখেছেন নাদিরা মজুমদার...

জুন মাসের দ্বিতীয় সপ্তাহে ইইউর সংসদ নির্বাচনের মাধ্যমে প্রতিবাদ নয়, নির্বাচন 'বিদ্রোহ' ঘটে গেল। এ পর্যন্ত, সাধারণত যে পার্টি বা কোয়ালিশন পার্টি ক্ষমতায় থাকত, ভোটদাতারা সেই পার্টির প্রার্থীদেরকে ভোটে সংখ্যাগরিষ্ঠ বানিয়ে ব্রাসেলসের (ইইউর) সংসদে পাঠাত। অর্থাত্, 'ঘরে ও বাইরে' সংখ্যাগরিষ্ঠ থাকত। এবার (২০২৪) উলটোটি ঘটেছে; উদাহরণস্বরূপ, যেমন :চেক প্রজাতন্ত্রের জাতীয় সংসদে ১০৮ জন এমপিতে সমৃদ্ধ কোয়ালিশন সরকার বিরোধী পার্টিগুলোর ৮৪ জন এমপি নিয়ে সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার মেজাজ ও দেমাগ দেখাতে পারছে। কিন্তু ইইউর সংসদ নির্বাচনের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ পক্ষ এখন সংখ্যালঘিষ্ঠ, এবং সংখ্যালঘিষ্ঠরা সংখ্যাগরিষ্ঠ। যেহেতু ছোট দেশগুলো বড় দেশগুলোর কথায় ওঠে-বসে, তাই এবার বড়দের অবস্থা কেমন, দেখা যাক; যেমন :ফ্রান্সে, লাপেনের 'ন্যাশনাল র‍্যালি' ম্যাক্রঁয়ের রিপাবলিক দলকে 'এক হাত দেখিয়ে' দিয়েছে; জার্মানির বিকল্প পার্টি 'AFD' এবং 'সারা ভাগেনেখট'-এর পার্টি মিলে সরকারি তিন পার্টিকে 'আচ্ছামতো শিক্ষা' দিয়েছে। সুস্পষ্ট যে, ইইউর ভোটদাতারা ইস্টাবলিশমেন্টের ওপর খু-উ-ব চটে গেছে/রয়েছে। কেন? কারণ বহুবিধ ও বহুমুখী–অভিবাসন, জীবনযাত্রার মানের অব্যাহত নিম্নগামিতা, 'সবুজ অ্যাজেন্ডা'র প্রতি রাগ-ক্রোধ, 'জেন্ডার' নিয়ে কিংকর্তব্যবিমূঢ় অবস্থা, এবং অবশ্যই ইউক্রেন যুদ্ধ; যদিও সুনির্দিষ্টভাবে প্রকাশ্যে সরাসরি কেউ কখনো কিছু বলেনি (রেখেঢেকে বলেছে)। ঠান্ডা যুদ্ধোত্তরকাল থেকে যে লিবেরালিজমের কথা বলা হচ্ছে, শোনানো হচ্ছে, তার কোনো বাস্তব ভিত্তি আসলে নেই। বরং বাস্তবতা হলো :নিয়ন্ত্রণ, কড়া নজরদারি করা, সেন্সরশিপ, টেকনোক্রেসি, লকডাউন, জলবায়ুসংকট ইত্যাদি। অর্থাত্ লিবেরালিজমের হীনতা বা অনুপস্থিতি পরিস্থিতিকে অনেকটা প্রায় একদল মতবাদ বা সমগ্রতাবাদে পরিণত করেছে।

ইউরোপের এই নির্বাচন-বিদ্রোহের শিকড় খুঁজতে হলে আমাদেরকে ১৯৭০-এর দশকে যেতে হয়। 'দ্য গ্র্যান্ড চেসবোর্ড' গ্রন্থের প্রণেতা এবং প্রেসিডেন্ট কার্টারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জবিগনিউ বার্জেজিনস্কি (Zbigniew Brzezniski) ১৯৭০ সালে 'বিটুয়িন টু এইজেস' গ্রন্থে বলেন, 'যে নেশন-স্টেট/জাতি-রাষ্ট্র শৃঙ্খলাবদ্ধ মানুষের মুখ্য সৃজনশক্তির উত্স, তার সমাপ্তি বা বিলুপ্তি ঘটবে; কারণ জাতি-রাষ্ট্র যে রাজনৈতিক কনসেপ্টের ভিত্তিতে কাজ করে–তুলনায় আন্তর্জাতিক ব্যাংকসমূহ ও বহুজাতিভিত্তিক করপোরেশনগুলো কর্ম ও প্ল্যানিংয়ে অনেক বেশি পটু ও প্রাগ্রসর।' বার্জেজিনস্কির মতে, টেকনোক্রেটিক যুগে 'ঐতিহ্যগত মূল্যবোধমুক্ত অনিয়ন্ত্রিত এলিট গোষ্ঠী সমাজকে নিয়ন্ত্রণ করবে, মানুষের ওপর নজরদারি বৃদ্ধি পাবে, সেই সঙ্গে নিপুণভাবে মানুষের আচরণ ও বুদ্ধিবৃত্তিক কর্মকাণ্ড পরিচালনা করা হবে।'

১৯৭২ সালে প্রকাশিত 'লিমিটস টু গ্রোউথ' (LTG) নামক রিপোর্ট/প্রস্তাবের সাহায্যে বার্জেজিনস্কির পরিজ্ঞানকে ত্রুটিপূর্ণ বা কৃত্রিম বা সিউডো 'বৈজ্ঞানিক' ভিত্তি দেওয়া হয় এবং ভবিষ্যদ্বাণী করা হয় যে :জনসংখ্যা বৃদ্ধিপ্রক্রিয়া ও তার সঙ্গে সংশ্লিষ্ট উেসর ফুরিয়ে যাওয়ার, বিশেষ করে তেল সম্পদের নিঃশেষ হওয়ার কারণে সভ্যতার (সিভিলাইজেশনের) সমাপ্তি ঘটবে। অর্থাত্ এমতাবস্থায়, সমাজের ব্যবস্থাপনা পরিচালনার মতো দূরদর্শিতা ও প্রযুক্তিগত উপলব্ধি কেবল অর্থনৈতিক বিশেষজ্ঞ দলের, টেক বিশেষজ্ঞ দলের, বহুজাতিভিত্তিক করপোরেশনের দক্ষ জনদের ও ব্যাংকসমূহেরই রয়েছে।

ডেভিড রকফেলার ও তার বিশ্বাসভাজনরা, বিল্ডারবার্গ গ্রুপ বার্জেজিনস্কির পরিজ্ঞান লুফে নেন; নির্ধারিত হয় যে, একবিংশ শতাব্দী হবে 'আমেরিকান সেঞ্চুরি', তেলের উত্সসমূহের নিয়ন্ত্রণ ও ডলার হেজিমনি বা আধিপত্য হবে দুই অপরিহার্য অংশ।

১৯৯২ সালে রিয়ো ডি জেনিরোতে অনুষ্ঠিত জাতিসংঘের রিয়ো কনফারেন্সে প্রেসিডেন্ট ক্লিনটনের উপদেষ্টা টিম ওয়ের্থ (Tim Wirth) 'লিমিটস টু গ্রোউথ'-এ ভুল ত্রুটিপূর্ণ স্বীকার করেন বটে কিন্তু 'অ্যান ইনকনভেনিয়েন্ট ট্রুথ' অনুসারে 'বিশ্ব উষ্ণতর হচ্ছে' পলিসি অব্যাহত থেকে যায়। যাহোক, উইলিয়াম ইংডাল (William Engdahl) লেখেন যে, কার্টার প্রশাসনের আমল থেকে মার্কিন সরকারের গুরুত্বপূর্ণ বৈদেশিক ও অর্থনৈতিক পদগুলো রকফেলারের ট্রাইলেটারেল কমিশনের সদস্যদের জন্য সংরক্ষিত রয়েছে। যিনি-ই প্রেসিডেন্ট হন না কেন, নির্দিষ্ট চেয়ারগুলোতে ট্রাইলেটারেলের প্রার্থিরাই বসবেন।

ইউরোপীয়ান নির্বাচন 'বিদ্রোহ' ঘটার শিকড় এখানেই নিহিত রয়েছে। নব্বইয়ের দশকের শুরুতে সোভিয়েত ইউনিয়নের বিলুপ্তিকে পশ্চিম স্নায়ুযুদ্ধে তাদের বিজয়োল্লাসের প্রতীকে পরিণত করে। এতে আনুষঙ্গিক দরকারি উদ্যম জোগায় ফুকুয়ামার 'দি এন্ড অব হিস্ট্রি অ্যান্ড দি লাস্ট ম্যান'; অর্থনৈতিক লিবেরালিজম ও বিশ্বায়ন এবং অর্থনৈতিক বাণিজ্যনীতি ও সর্বোচ্চ পরিমাণে রাষ্ট্রীয় মালিকানাকে ব্যক্তিমালিকানায় হস্তান্তরকরণ মূলমন্ত্রে পরিণত হয়। কিন্তু অনেকেই নিয়ন্ত্রিত বিশ্বধারণার বিরোধী; অনেকেই তাদের ঐতিহ্যগত জীবনযাত্রাকে পরিত্যাগ করতে যেমন অনিচ্ছুক, তেমনি অনেকেই আবার তাদের জাতিগত বৈশিষ্ট্যসমূহ পরিহার করতে নারাজ।

(অনিচ্ছুক, নারাজ দলের কারণে) হতাশা, আতঙ্ক ও সংক্ষোভের প্রথম প্রকাশ আমরা দেখি যুক্তরাজ্যে, ঋষি সুনাক তড়িঘড়ি অকাল ঝটিকা নির্বাচনের ঘোষণা দেন; অতঃপর ফরাসি ইস্টাবলিশমেন্টে দুর্যোগ নিয়ে আসে ইইউ নির্বাচন (অকাল ঝটিকা নির্বাচনের ঘোষণা), একইভাবে জার্মান ইস্টাবলিশমেন্টও মারাত্মকভাবে অবমানিত হয়েছে। আন্তর্জাতিক বিন্যাসের বিরুদ্ধে, বিভিন্ন বেশে ও কখনো-বা কিছু ভাবাদর্শের মিশ্রণসহ, বিশ্বব্যাপী যে জাগরণ দ্রুততর বেগে বিকশিত হচ্ছে, ইউরোপিয়ান নির্বাচন 'বিদ্রোহ' তার অন্তর্ভুক্ত। এমতাবস্থায়, শাসকশ্রেণি কি আপসরফায় আসবে? মোটেই নয়। প্রথমত, তারা 'স্যানিটারি কর্ডন' নামক রাজনৈতিক ব্যবস্থার মাধ্যমে চিরায়ত ডানপন্থি রাজনীতিকে অমর্যাদাকর চরম ডান বা ডানপন্থি হিসেবে চিহ্নিত করেছে; অর্থাত্ ডানপন্থিরা অস্পৃশ্য দল। তাই মূলধারার রাজনীতিতে তাদের প্রবেশাধিকার নেই; তাদের সঙ্গে যে কোনো ধরনের কোয়ালিশন, বা অংশীদারিত্ব অসম্ভব। দ্বিতীয়ত, পশ্চিমের ক্ষমতাকাঠামোর দখলে রয়েছে বিশাল সম্পদ, গুরুত্বপূর্ণ সামাজিক প্রতিষ্ঠানসমূহ এবং কার্যকরীকরণের উপায়। অর্থাত্ কর্তৃত্বময়, ডমিনেন্ট হওয়াতে তারা তাদের অস্তিত্ব নিয়ে সদাই ভীত, আতঙ্কগ্রস্ত; হয় কর্তৃত্ব থাকবে, নয় তো সব হারাতে হবে, কোনো মধ্যপন্থা নেই। তাই যারা তাদের সঙ্গে একমত নয়, তারা সবাই 'সপক্ষ' (অ্যাডভারসারি)।

ব্রাসেলস হয়তো নির্বাচন-বিদ্রোহসম্পৃক্ত ঘটনাবলিকে অবজ্ঞা করার চেষ্টা করবে; তবে সাবধানের মার নেই তো! নির্বাচনি ফলাফল প্রকাশের প্রায় তিন-চার দিনের মাথায় (ইইউর সংসদ নির্বাচনের পর নির্দিষ্ট প্রক্রিয়াকে পাশ কাটিয়ে) গোপনে আয়োজিত সান্ধ্য ভোজসভায় (নির্বাচনোত্তর) ইইউ কমিশনের চারটি গুরুত্বপূর্ণ পদে–বর্তমান কমিশন প্রধান উরসুলা ফন ডের লিয়েনকে পুনরায় কমিশন প্রধান হিসেবে নির্বাচিন করা হয়, বাকি তিনটি পদে নির্বাচিত করা হয় অর্ধমিলিয়ন জন-অধ্যুষিত মাল্টার ও প্রায় ১ মিলিয়ন জন অধ্যুষিত এস্তোনিয়ার এবং ইউরোপের প্রান্তিক দেশ পর্তুগালের প্রধানমন্ত্রীদেরকে। ইইউ কমিশন জনভোটে নির্বাচিত কোনো অর্গান নয়। নির্বাচনের চার দিন পর আরেকটি চমকপ্রদ ঘটনা ঘটে। হাঙ্গেরিকে ইইউর আদালত (সরাসরি ইইউ নয়, আদালত প্রায় এক মিলিয়ন জন-অধ্যুষিত লুক্সেমবুর্গে অবস্থিত) দোষী সাব্যস্ত করে এই মর্মে যে, বছর পাঁচেক আগে মাইগ্রেশন-সম্পর্কিত চুক্তির নিয়মকানুন হাঙ্গেরি সঠিকভাবে মেনে চলেনি, তাই দেশটিকে ২০০ মিলিয়ন ইউরো জরিমানা করা হয় এবং পরিশোধে বিলম্বন বাবদ দিনপ্রতি খেসারত নির্ধারিত হয় ১ মিলিয়ন ইউরো। যাহোক, নিয়মকানুন-বহির্ভূত আগাম গঠিত নতুন 'কমিশন' গঠনের মাধ্যমে অথবা অবাধ্য সদস্য হাঙ্গেরিকে বড় অঙ্কের জরিমানা করে,–'কোনো রদবদল' ঘটেনি, অর্থাত্ ইইউ একতাবদ্ধ, প্রমাণ হয় কি না, বলা কঠিন; তবে সদ্য নির্বাচন বাসিগন্ধ গুমোট পরিবেশে তাজা বাতাসের অবাধ প্রবাহের জানালা খুলে দিয়েছে।

নির্বাচিত অস্পৃশ্য দলগুলোর কোয়ালিশনের মাধ্যমে নতুন সংসদীয় 'ব্লক' সৃষ্টির প্রচেষ্টা চলছে; যার অর্থ–ইইউতে দীর্ঘদিন ধরে যে প্রাতিষ্ঠানিক রাজনীতি চলছে, সেটিকে চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে।

সৌ: ইত্তে:

১৯৯২ সালে রিয়ো ডি জেনিরোতে অনুষ্ঠিত জাতিসংঘের রিয়ো কনফারেন্সে প্রেসিডেন্ট ক্লিনটনের উপদেষ্টা টিম ওয়ের্থ (Tim Wirth) 'লিমিটস টু গ্রোউথ'-এ ভুল ত্রুটিপূর্ণ স্বীকার করেন বটে কিন্তু 'অ্যান ইনকনভেনিয়েন্ট ট্রুথ' অনুসারে 'বিশ্ব উষ্ণতর হচ্ছে' পলিসি অব্যাহত থেকে যায়। যাহোক, উইলিয়াম ইংডাল (William Engdahl) লেখেন যে, কার্টার প্রশাসনের আমল থেকে মার্কিন সরকারের গুরুত্বপূর্ণ বৈদেশিক ও অর্থনৈতিক পদগুলো রকফেলারের ট্রাইলেটারেল কমিশনের সদস্যদের জন্য সংরক্ষিত রয়েছে। যিনি-ই প্রেসিডেন্ট হন না কেন, নির্দিষ্ট চেয়ারগুলোতে ট্রাইলেটারেলের প্রার্থিরাই বসবেন।

মধ্যপ্রাচ্য আমেরিকার কাছে কেন এত গুরুত্বপূর্ণ?

লুই বারুচ্চো

গত কয়েক দশক ধরেই মধ্যপ্রাচ্যে সক্রিয় মার্কিন যুক্তরাষ্ট্র। ইরাক আক্রমণ থেকে শুরু করে ইসলামিক স্টেট বা আইএসের বিরুদ্ধে লড়াই কিংবা ইসরায়েল ও সৌদি আরবকে অস্ত্র পাঠানো-এমন নানা বিষয়ে সম্পৃক্ত থেকেছে তারা।

জ্বালানি সম্পদ, বাণিজ্য রুট, ভূ-রাজনৈতিক স্থিতিশীলতা, সন্ত্রাসবাদ মোকাবিলা এবং ইসরায়েলের সঙ্গে দেশটির স্থায়ী মিত্রতার মতো বিষয়গুলোকেই অঞ্চলটির প্রতি যুক্তরাষ্ট্রের আগ্রহের কারণ হিসেবে দেখে থাকেন বিশ্লেষকরা।

তবে মধ্যপ্রাচ্যে অবস্থান করা মার্কিন সেনার সংখ্যা নাটকীয়ভাবে হ্রাস পেয়েছে। ২০০৭ সালে কেবল ইরাকেই যেখানে ১ লাখ ৬০ হাজার সেনা ছিল, সেখানে মিশর থেকে আফগানিস্তান পর্যন্ত সবমিলিয়ে বর্তমানে এই সংখ্যা ৪০ হাজারেরও কম। এর পুরোটাই মার্কিন সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ডের অধীনে রয়েছে।

অঞ্চলটিতে যুক্তরাষ্ট্রের উপস্থিতি আরও কমিয়ে আনা হবে কি না তা ওয়াশিংটনের জন্য একটি গুরুত্বপূর্ণ কৌশলগত প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। এখানে কিছু বিষয়ের দিকে নজর দেওয়া যাক।

জ্বালানি

সৌদি আরব, ইরান, ইরাক, কুয়েত এবং সংযুক্ত আরব আমিরাতসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে তেল ও প্রাকৃতিক গ্যাসের বিশাল মজুত কয়েক দশক ধরেই মার্কিন নীতি নির্ধারণের একটি প্রধান কারণ হয়ে উঠেছে।

তবে যুক্তরাষ্ট্রের নিজ ভূমিতেই শেল গ্যাস (পাথুরে গ্যাস নামেও পরিচিত এই প্রাকৃতিক গ্যাস) বৃদ্ধি পাওয়ায় গত ১৫ বছরে দেশটিতে তেল ও গ্যাসের উৎপাদন বেড়েছে। ফলে এ ধরনের জ্বালানি আমদানির ক্ষেত্রে দেশটি আগের চেয়ে কম নির্ভরশীল। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস উভয় ক্ষেত্রেই যুক্তরাষ্ট্র নেট রপ্তানিকারক, অর্থাৎ আমদানির চেয়ে বেশি রপ্তানি করছে দেশটি।

বৈশ্বিক তেলের বাজার আন্তঃসম্পর্কিত; মধ্যপ্রাচ্য থেকে সরবরাহে ব্যাঘাত ঘটলে তা তেলের দামের সঙ্গে অর্থনৈতিক স্থিতিশীলতায়ও প্রভাব ফেলতে পারে।

যুক্তরাষ্ট্র যখন মধ্যপ্রাচ্যের জ্বালানির উপর নির্ভরতা কমিয়ে আনছে তখন চীন মধ্যপ্রাচ্যের তেলের উপর ব্যাপকভাবে নির্ভরশীল বলে জানাচ্ছেন লন্ডনের স্কুল অফ ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজের (এসওএএস) আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক গিলবার্ট আসকার।

এর অর্থ হলো- "মধ্যপ্রাচ্যের ওপর নিয়ন্ত্রণ যুক্তরাষ্ট্রকে চীনের বিষয়ে বেশ কিছু কৌশলগত সুবিধা দেয়," বলেন তিনি।

মধ্যপ্রাচ্য আমেরিকান পণ্য ও পরিষেবা বিশেষ করে সামরিক হার্ডওয়্যারের জন্য গুরুত্বপূর্ণ বাজার।

স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউটের তথ্য অনুযায়ী, ২০১৯ থেকে ২০২৩ সালের মধ্যে এই অঞ্চলটিতেই সবচেয়ে বেশি মার্কিন অস্ত্র রপ্তানি করা হয়েছে।

মোট মার্কিন অস্ত্র রপ্তানির ৩৮ শতাংশই গেছে মধ্যপ্রাচ্যে।

এরমধ্যে সবচেয়ে বেশি অস্ত্র কিনেছে সৌদি আরব, কাতার, কুয়েত এবং ইসরায়েল।

এছাড়াও সমুদ্র পথে বৈশ্বিক বাণিজ্যের ক্ষেত্রে মধ্যপ্রাচ্য গুরুত্বপূর্ণ বলে জানান হিউ লোভাট। তিনি অঞ্চলটির ইউরোপীয় কাউন্সিল অন ফরেন রিলেশন্সের (ইসিএফআর) একজন বিশ্লেষক।

গাজা যুদ্ধের ফলে লোহিত সাগরে চলাচল করা জাহাজে আক্রমণ শুরু করে ইয়েমেনের ইরান-সমর্থিত হুথি বিদ্রোহীরা।

প্রতি বছর ১৭ হাজারেরও বেশি জাহাজ এই সাগর দিয়ে খাবার, ওষুধ, জ্বালানিসহ অন্যান্য প্রয়োজনীয় পণ্য পরিবহন করে থাকে, যা বিশ্ব বাণিজ্যের প্রায় ১২ শতাংশ।

যুক্তরাজ্য ও তাদের অন্যান্য আন্তর্জাতিক মিত্রদের নিয়ে ২০২৪ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারিতে যৌথভাবে হুথিদের অবস্থান লক্ষ্য করে পাল্টা আক্রমণ চালায় যুক্তরাষ্ট্র।

এতে এটা স্পষ্ট যে যুক্তরাষ্ট্র "বৈশ্বিক সমুদ্র রুটের মাধ্যমে নৌযান চলাচলের স্বাধীনতাকে অগ্রাধিকার দেয়", বলেন মি. লোভাট।

তিনি আরও বলেন, মিশরের সুয়েজ খাল এবং ইরানের অদূরে হরমুজের সরু প্রণালীও অত্যন্ত জরুরি।

"এই বৈশ্বিক সমুদ্রপথ মার্কিন অর্থনীতির জন্য এখনও গুরুত্বপূর্ণ"।

ইউরোপ, এশিয়া ও আফ্রিকাকে সংযুক্ত করা মধ্যপ্রাচ্যে কৌশলগত অবস্থান মার্কিন বাণিজ্য ও সামরিক অভিযানের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

বাহরাইন, কাতার এবং কুয়েতে মার্কিন সামরিক ঘাঁটিও রয়েছে।

ওয়াশিংটন ডিসির থিঙ্ক ট্যাঙ্ক দ্য উইলসন সেন্টারের মিডল ইস্ট প্রোগ্রামের ডিরেক্টর মেরিসা খুরমা বলেন, কোনো একক শক্তি যেন আধিপত্য বিস্তার করে এই অঞ্চলের স্থিতিশীলতাকে হুমকির মুখে ফেলতে না পারে তা নিশ্চিত করতে নিজেদের শক্তিশালী উপস্থিতি বজায় রেখেছে যুক্তরাষ্ট্র।

ঐতিহাসিকভাবে তেলের চাহিদা আর কমিউনিজমের প্রভাব রুখে দেয়া- মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের মূল আগ্রহের কেন্দ্রে থাকলেও বর্তমানে এগুলোর বাইরে দেশটি তার প্রভাব এবং পরাশক্তি রক্ষা করতে চাইছে।

অঞ্চলটি "চীন এবং রাশিয়ার সঙ্গে ক্ষমতা-প্রতিযোগিতার মূল নাট্যমঞ্চ", বলেন তিনি।

মিজ খুরমা আরও বলেন, অঞ্চলটি যে কী পরিমাণ অস্থিতিশীল গাজা-যুদ্ধ সেটাই স্মরণ করিয়ে দেয়, "বিশেষ করে যখন ফিলিস্তিন-ইসরায়েল দ্বন্দ্ব এবং এই অঞ্চলে ইরানের সামরিক সম্প্রসারণবাদদের মতো দীর্ঘস্থায়ী সংঘাতের সমাধানের ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্র বিচ্ছিন্ন রয়েছে এবং রাজনৈতিকভাবেও নিজেদের প্রত্যাহার করে নিয়েছে।"

সৌ: বিবিসি

প্রথম নজর

হারানো শিশু কন্যাকে উদ্ধার করে পরিবারের হাতে দিল আরপিএফ

সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং

আপনজন: হারিয়ে যাওয়া এক বছর আট বয়সের শিশুকন্যাকে উদ্ধার করে তার পরিবারের হাতে তুলে দিল কর্তব্যরত আরপিএফ।শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে শিয়ালদহ দক্ষিণ শাখার ক্যানিং লাইনের ক্যানিং ষ্টেশনে।স্থানীয় ও রেলপুলিশ সুত্রের খবর,প্রত্যন্ত সুন্দরবনের বাসন্তী থানার বল্লারটোপ এলাকার বাসিন্দা আনসার মোল্লা। কর্মসুত্রে হাওড়ায় থাকেন। শুক্রবার পরিবারের লোকজনদের কে সাথে নিয়ে গ্রামের বাড়িতে ফিরছিলেন। সকালে ক্যানিং ষ্টেশনে ট্রেন থেকে নামার পর তাঁর ছোট্ট কন্যাশিশু তানিয়া মোল্লা ষ্টেশনে ভীড়ের মধ্যে হারিয়ে যায়।এদিকে মোল্লা পরিবারের লোকজন তন্নতন্ন করে খুঁজছিল তানিয়া কে।খুঁজে না পেয়ে কান্নায় ভেঙে পড়ে মোল্লা পরিবারের অন্যান্য সদস্যরা। সেই মুহূর্তে তানিয়া ক্যানিং ষ্টেশনে বসে কাঁদছিল। এমন ঘটনা নজরে পড়ে কর্তব্যরত আরপিএফ এর মহিলা হেড কনস্টেবল স্বাতী দে।তিনি হারিয়ে যাওয়া কন্যাশিশুকে উদ্ধার করেন। ক্যানিং ষ্টেশন চত্বরে ওই শিশুর পরিবারের লোকজনদের কে খোঁজার চেষ্টা করে। মিনিট ত্রিশ সময়ের মধ্যে ওই শিশুর পরিবারের লোকজনদের কে খোঁজ পায়। হারিয়ে যাওয়া শিশুকন্যাকে তার পরিবারের হাতে তুলে দেওয়া হয় আরপিএফ এর তরফে।হারিয়ে যাওয়া শিশুকন্যার বাবা আনসার মোল্লা জানিয়েছেন, 'ক্যানিং ষ্টেশনে কর্তব্যরত আরপিএফ কে অসংখ্য ধন্যবাদ। তাঁরা না থাকলে হয়তো আমার মেয়েকে খুঁজে পেতাম না।'

মানসিক ভারসাম্যহীন মহিলাকে উদ্ধার করে পাঠানো হল হোমে

সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ ● বীরভূম

আপনজন: অজ্ঞাত পরিচয় এবং ভারসাম্যহীন আনুমানিক১৯ বছরের এক মেয়েকে নলহাটি থানার অন্তর্গত করিমপুর মসজিদের কাছে উদ্দেশ্যহীন ভাবে ঘোরাফেরার দৃশ্য লক্ষ্য করেন স্থানীয় মানুষজন।
উক্ত ঘটনাটি বীরভূম ডিস্ট্রিক্ট লিগাল সার্ভিস অথরিটির স্থানীয় প্রতিনিধি পিএলভির কাছে পৌঁছায়।
সাথে সাথেই তিনি আবার জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সম্পাদিকা সুপর্ণা রায় এর দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি জানার সঙ্গে সঙ্গে বীরভূম জেলা আইনি সচিব তথা বিচারক সুপর্ণা রায় খুব দ্রুততার সঙ্গে নলহাটি থানার সঙ্গে যোগাযোগ করে এবং মেয়েটির যেন কোনো প্রকার অসুবিধা না হয় সেই কথা মাথায় রেখে জেলা আধিকারিকদের সঙ্গে কথা বলে প্রশাসনিক নিয়মবিধি মেনে তার আশ্রয়ের জন্য রামপুরহাট নিশ্চিন্তপুর পুষ্পরাগ হোমে পাঠানোর ব্যবস্থা করেন। এভাবে জেলা আইনে পরিষেবা কর্তৃপক্ষের তত্ত্বাবধানে মেয়েটি সুস্থভাবে থাকার আশ্রয় গ্রহণ করে বলে জানা যায়।

শিক্ষকের বিদায় স্মরণীয় করতে রক্তদান শিবির

দেবাশীষ পাল ● মালদা

আপনজন: বিদায় বেলা নয়া উদ্যোগ,শিক্ষকের বিদায় দিন স্মরণীয় করে রাখতে এবং ছাত্র-ছাত্রী সহ সাধারণ মানুষকে সচেতন করতে রক্তদান শিবির।বামনগোলা উচ্চ বিদ্যালয় শিক্ষক বিশ্বনাথ মন্ডলের অবসরকালীন বিদায় সম্বর্ধনা অনুষ্ঠিত হলো শুক্রবার। উল্লেখ্য দীর্ঘ ৩৫ বছর ধরে বামনগোলা উচ্চ বিদ্যালয়ের শিক্ষকতা করেছেন শিক্ষক বিশ্বনাথ মন্ডল। সেই পরিপ্রেক্ষিতে স্কুলের পক্ষ থেকে অবসরকালীন বিদায় সংবর্ধনা অনুষ্ঠান করা হয় বিদ্যালয় প্রাঙ্গনে। এদিন বিদ্যালয় প্রাঙ্গনে সকাল থেকে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ওই বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ও শিক্ষকেরা ফুলের তোড়া দিয়ে ঐ শিক্ষকে বিদায় সংবর্ধনা জ্ঞাপন করেন। তারই পাশাপাশি বিশ্বনাথ মন্ডলের অবসরকালীন বিদায় সংবর্ধনা উপলক্ষে বিদ্যালয়ের প্রাঙ্গণে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এদিন জাঁকজমক করে বিদায় দেওয়া হয় বামনগোলা বিদ্যালয়ের শিক্ষক বিশ্বনাথ মন্ডলকে।

ট্যাপ কোথাও ভাঙা, কোথাও নেই, পড়েই চলেছে পানীয় জল

নাজিম আক্তার ● হরিশ্চন্দ্রপুর

আপনজন: মুখ্যমন্ত্রীর কড়া বার্তার পড়েও নজরদারি নেই প্রশাসনের। জলে যাচ্ছে জল। রাস্তার পাশে বসানো ট্যাপ কল,কিন্তু অধিকাংশতেই ট্যাপ নেই। তাই পানীয় জল পড়ে যাচ্ছে অনর্গল। কোথাও আবার ট্যাপ কল ভেঙ্গে পড়েছে। বাড়ি থেকে প্লাস্টিকের পাইপ নিয়ে গিয়ে ভাঙ্গা ট্যাপ কলের পাইপে লাগিয়ে জল নিচ্ছেন মহিলারা। হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের তুলসীহাটা পিএইচই প্রকল্পের বসানো বিভিন্ন গ্রামের ট্যাপকল গুলির এইরকম অবস্থা। গ্রীষ্মের তীব্র দাবদাহে হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের কামারতা,বড়োল,বসতপুর ও গয়লা প্রভৃতি এলাকায় ভুগর্ভস্থ জলস্তর অকেনটা নিচে নেমে গিয়েছে। জল সংকটে ভুগছেন এলাকার মানুষ। প্রতিদিন জলের জন্য ট্যাপ কলের সামনে লম্বা লাইন পড়ে যায়। আবার কেউ টাকা খরচ করে জল কিনে খাচ্ছেঅথচ এই জলই আবার নষ্ট হচ্ছে হরিশ্চন্দ্রপুরের তুলসীহাটা,ভবানীপুর ও বনসরিয়া সহ বিভিন্ন গ্রামে। ট্যাপ কল থেকে অনবরত পড়ে যাচ্ছে পানীয় জলাপ্রশাসন থেকে সাধারণ মানুষ কারও ভ্রুক্ষেপ নেই।
স্থানীয় মানুষের অভিযোগ,প্রশাসন উদাসীন। অধিকাংশ কলে ট্যাপ নেইতা লাগানোরও কোনও উদ্যোগ নেই প্রশাসনেরাস্থানীয় সূত্রে জানা গিয়েছে,এলাকার রাস্তার পাশে বসানো হয়েছে ট্যাপ কল গুলো। প্রতিদিন সকাল ও বিকাল দুই টাইম জল দিয়ে থাকেন পিএইচই। তুলসীহাটা এলাকার বাসিন্দা রাজু শেখ বলেন,অধিকাংশ কলেই ট্যাপ লাগানো নেই। জল নেওয়ার পর থেকে ট্যাপ কল থেকে অনর্গল জল পড়ে নষ্ট হচ্ছেওই জল সরাসরি মিশছে নর্দমা বা জলাশয়ে। ভবানীপুর গ্রামের বাসিন্দা নুরবানু বিবি, নাজলী বিবিরা বলেন, মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের সামনে দীর্ঘ বছর ধরে ট্যাপ কলটি ভেঙ্গে পড়ে আছে। বাড়ি থেকে প্লাস্টিকের পাইপ নিয়ে গিয়ে ভাঙ্গা ট্যাপ কলের পাইপের সঙ্গে লাগিয়ে জল নিয়ে আসছি। এতে নোংরা জল চলে আসছে। মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান মৌসুমী দাস বলেন,আমি কয়েকবার পিএইচই দপ্তরকে জানিয়েছি। কোন ব্যবস্থা নেই নি। চাঁচল মহকুমা জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের সহকারী ইঞ্জিনিয়ার সুমিত ঘোষ কে কয়েকবার ফোন ও মেসেজ করা হলে তিনি ফোন ধরেননি এবং ম্যাসেজ এর কোনো উত্তর দেননি।

ধামুয়ায় বিদ্যুতের কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু দুই ঠিকাকর্মীর

আসিফা লস্কর ● মগরাহাট

আপনজন: মগরাহাটে কাজে এসে হাই টেনশন লাইনে বিদ্যুতের কাজ করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রাণ গেল দুই ঠিকা কর্মীর। গুরুতর যখম আরো তিনজন। আহতদের চিকিৎসার জন্য আনা হয় পদ্মেরহাট গ্রামীণ হাসপাতালে। সেখান থেকে গুরুতর জখম অবস্থায় একজনকে রেফার করা হয় মেডিকেল হাসপাতালে। অন্যান্য দিনের মতো বৃহস্পতিবার সকালেও একসাথে কাজে বেরিয়েছিল জয়নগর থানার অন্তর্গত উত্তর পাড়া নিচ গ্রামের পাঁচ যুবক। এরা সকলেই বিদ্যুৎ দপ্তরের ঠিকা কর্মী ছিল। বৃহস্পতিবার সকালে যখন মগরাহাট ২ নাম্বার ব্লকের ধামুয়া শ্যামপুর এলাকায় হাই টেনশন লাইনে একটি বিদ্যুতের খুঁটি লাগানোর কাজ করছিল ঠিক সেই সময় দুপুর ১. ৪৫ নাগাদ ভুলবশত ওই খুঁটিটি হাই টেনশন এর বিদ্যুতের তারে লেগে ইলেকট্রিক পোস্টটিতে বিদ্যুৎ চলে আসায় ঘটনাস্থলে বিদ্যুৎস্পৃষ্ট হন ৫ ঠিকা কর্মী । সাথে সাথে এলাকার মানুষ বিদ্যুৎস্পৃষ্ট পাঁচ ঠিকা কর্মীকে চিকিৎসার জন্য পদ্মেরহাট গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা জানান, দুজনের মৃত্যু হয়েছে। মৃতদের নাম সালমাতুল লস্কর ও মেরেরাজ মন্ডল। তবে বাকি ২জনের চিকিৎসা শুরু করেন চিকিৎসকরা। দুজনের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয় এবং একজনের জখমের মাত্রা বেশি থাকায় তাকে অন্যত্র স্থানান্তরিত করা হয়।
এই ঘটনায় শোকের ছায়া নেমে আসে উত্তর পাড়া নিচ গ্রামে। মৃত ও আহত ঠিকা কর্মীদের প্রতিবেশীদের ও পরিবারের দাবি, কর্মরত অবস্থায় যারা এভাবে মারা গেল ও জখম হলো তারা প্রত্যেকেই গরিব মানুষ দিন আনা দিনখাটা। তাই সরকারের কাছে মৃত দুই ব্যক্তি ও আহত তিন ব্যক্তির জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দেয় তাদের সংসারগুলি বাঁচার এই অনুরোধ জানালেন গ্রামবাসী ও পরিবারের লোকজন।

বোলপুর পুরসভায় অবৈধ নির্মাণ ভাঙা অব্যাহত

আমীরুল ইসলাম ● বোলপুর

আপনজন: মুখ্যমন্ত্রী নির্দেশের পরেও বোলপুরে আজ ফুটপাত উচ্ছেদ অব্যাহত ছিল। বোলপুর পৌরসভার যানজটের সমস্যা সমাধানের জন্য বোলপুর শহরে যে সকল অবৈধ নির্মাণ কার্য রয়েছে সেগুলিকে বুলডোজার দিয়ে ভেঙে ফেলা হচ্ছে। এই অবৈধ নির্মাণ ভেঙ্গে ফেলার জন্য বোলপুর শহরে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। যে সকল অবৈধ নির্মাণ ড্রেনের ওপরে ছিল সেগুলিকে ভেঙে ফেলা ও অবৈধভাবে বিল্ডিং, দোকান ঘরের সামনে অংশ বিভিন্ন বোর্ড ছিল সেগুলিকে ভেঙে ফেলা হচ্ছে। স্বয়ং বোলপুর মহকুমা শাসক অয়ন নাথ ও বোলপুর পৌরসভার চেয়ারম্যান পর্ণা ঘোষ বোলপুরে বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর উপস্থিত ছিলেন।
এছাড়া কেন্দ্র বাহিনী ও রাজ্য পুলিশ ঘটনাস্থলে হাজির ছিল যাহাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে।
এ সত্ত্বেও বোলপুর চিত্রা মোড়ে ফুটপাত ব্যবসায়ীদের সঙ্গে ঝামেলায় জড়িয়ে পড়ে পৌরসভা কর্মীরা। পরে প্রশাসনের সহযোগিতায় পরিস্থিতির সামাল দেওয়া হয়।

পুকুর থেকে উদ্ধার ছাত্রীর হাত বাঁধা দেহ, ব্যাপক চাঞ্চল্য

মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান

আপনজন: হাত বাঁধা, মুখে ওড়না গোজা এক ছাত্রীর জলে ডোবা মৃতদেহ উদ্ধার কে ঘিরে চাঞ্চল্য, ঘটনাটি এদিন শুক্রবার সকালে কালনার ধর্মডাঙ্গা এলাকায় একটি পুকুরের মধ্যে থেকে, ক্লাস নাইনের ছাত্রী নার্গিস খাতুনের মৃতদেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়ায়। মৃতের পরিবার পরিজনদের দাবি শ্বাসরোধ করে খুন করা হয়েছে তাকে।পুলিশ মৃতদেহ উদ্ধার করে কালনা মহকুমা হসপিটালে নিয়ে আসে শুক্রবার। জানা গিয়েছে নান্দাই পঞ্চায়েতের দুপসা এলাকার বাসিন্দা নার্গিস, খরিনান হাই স্কুলে ক্লাস নাইনের ছাত্রী ছিল, গতকাল সন্ধ্যায় বাড়ি থেকে বেরোনোর পর থেকেই নিখোঁজ ছিল সে। আর মৃতের পরিবার-পরিজনেরা গতকাল রাতে পুলিশের কাছে একটি নিখোঁজ ডায়েরিও করে থানায়। মৃতের আত্মীয়রা জানান, তাদের বাড়ি থেকে প্রায় ১৮ থেকে ২০ কিলোমিটার দূরে কালনার ধর্মডাঙ্গা এলাকায় সকালে তার মৃতদেহ উদ্ধার হয়। মৃতের পরিবারের অভিযোগ, একটি ছেলের প্রনয় ঘটিত সম্পর্ক ছিল, সেই তাকে ফোন করে ডেকে শ্বাসরোধ ধরে খুন করেছে।

আবার বোমা উদ্ধার ভাঙড়ে, উত্তেজনা ছড়াল এলাকায়

আসিফা লস্কর ● ভাঙড়

আপনজন: বোমা উদ্ধার ঘিরে আবারও চাঞ্চল্য এলাকায়। এবার ঘটনাস্থল ভাঙড়ের রঘুনাথপুর।। তিনটি তাজা বোমাসহ গ্রেফতার এক। ধৃত ব্যাক্তির নাম সালাউদ্দিন মোল্লা। রাতের অন্ধকারে ব্যাগে করে বোমা নিয়ে যাওয়ার পথে সন্দেহ বশত এলাকার মানুষ ব্যাগ দেখলে বোমা দেখতে পায়। তারপর উত্তর কাশিপুর থানায় খবর দিলে পুলিশ এসে বোমা উদ্ধার করে।
ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ালে উত্তর কাশিপুর থানার পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।
পুলিশ সূত্রে খবর ভাঙড়ের ভুমরু এলাকার সালাউদ্দিন মোল্লা বাজার করা ব্যাগে করে তিনটি বোমা নিয়ে রঘুনাথ এলাকায় গিয়েছিলেন। ব্যক্তিগত শত্রুতার রাগ প্রশমিত করতেই বোমা নিয়ে গিয়েছিলো বলে খবর। এলাকার মানুষের সচেতনায় বড় কোন দুর্ঘটনা ঘটেনি বলে খবর।
তবে নিছকেই ব্যক্তিগত রাগের কারণে এই বোমা নিয়ে যাওয়া নাকি এর পিছনে অন্য কারণ আছে তার তদন্তে উত্তর কাশিপুর থানার পুলিশ।।

জাতীয় সড়ক কর্তৃপক্ষ শুরু করল ফুটপাথ উচ্ছেদ অভিযান

সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ ● বীরভূম

আপনজন: মুখ্যমন্ত্রীর নির্দেশ মোতাবেক পৌরসভার পক্ষ থেকে যানজট নিরসনে এবং ফুটপাত দখল মুক্ত করার অভিযানে পেলোডার নিয়ে রাস্তায় অবতীর্ণ।বুধবার শুরু হয় ফুটপাত দখল মুক্ত করার অভিযান।বৃহস্পতিবার রামপুরহাট পৌরসভার পাশাপাশি বোলপুর,দুবরাজপুর,সিউড়ি পৌরসভা এলাকা জুড়েও শুরু হয় ফুটপাত দখল মুক্ত করার অভিযান।শুক্রবার রামপুরহাট থানার অন্তর্গত ১৪ নম্বর জাতীয় সড়কের ধারে অবস্থিত মনসুবা মোড় থেকে শুরু হয় অভিযান। প্রশাসনের উদ্যোগে জাতীয় সড়কের ধারে অবৈধভাবে বসবাসকারী ব্যবসায়িকদের উচ্ছেদ শুরু করা হয় নতুনভাবে।
ন্যাশনাল হাইওয়ে অথরিটির পক্ষ থেকে ফুটপাথ উচ্ছেদের কর্মসূচি হিসেবে আজ রামপুরহাটের মুনসুবা মোড় থেকে শুরু হয়ে সানঘাটা পর্যন্ত যে সমস্ত দোকানপাট অবৈধভাবে হাইওয়ের জায়গা দখল করে রয়েছে সেগুলিকেই আজকে দখল মুক্ত করা হয় বলে জানা যায়। এই অভিযানে উপস্থিত ছিলেন রামপুরহাটের বি এল আরও নীলেশ্বর ভট্টাচার্য এবং ন্যাশনাল হাইওয়ের আধিকারিক সহ পুলিশ প্রশাসন। ন্যাশনাল হাইওয়ে উচ্ছেদ এখন কার্যকর থাকবে বলে জানান আধিকারিকরা।

জেলা প্রাথমিক সংসদের ওয়েবসাইটের উদ্বোধন

নকিব উদ্দিন গাজী ● আলিপুর

আপনজন: দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদে উদ্বোধন হল ওয়েবসাইটের। এদিনের এই ওয়েবসাইট উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হন রাজ্যের প্রাথমিক বিদ্যালয় সংসদের পর্ষদ সভাপতি ডক্টর গৌতম পাল এছাড়াও উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়নমন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরা এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ চব্বিশ পরগনার জেলার প্রাথমিক বিদ্যালয় এর সংসদের চেয়ারম্যান অজিত নায়েক এছাড়া উপস্থিত ছিলেন রাজ্যের পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রীর দিলীপ মন্ডল এছাড়াও উপস্থিত ছিলেন দক্ষিণ ২৪ পরগনা জেলার সভাধিপতি নীলিমা বিশাল মিস্ত্রি উপস্থিত ছিলেন আরও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গরা। এতদিন দক্ষিণ চব্বিশ পরগনা জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদ এর কোন ওয়েবসাইট না থাকার কারণে সমস্যার মধ্যে পড়েছিল বহু শিক্ষক শিক্ষিকা থেকে শুরু করে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের বহু কর্মীরা। এবার এই ওয়েবসাইট চালু হওয়ার মাধ্যমে দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের প্রতিটি কাজের পুঙ্খানুপুঙ্খ তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে। ওয়েবসাইট এর মাধ্যমে বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতিও এই ওয়েবসাইটের মাধ্যমেই জানা যাবে। ওয়েবসাইট ছাড়াও একটি পুস্তিকা প্রকাশ করে সংসদ।

১৫ হাজার চারা গাছ বিলি সাগরদিঘিতে

সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ

আপনজন: তারা গাছ বিতরণ করে রেকর্ড গড়লেন মুর্শিদাবাদ জেলার সাগরদিঘীর বাসিন্দা এবং স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন সাগরদিঘী উইনার ওয়েলফেয়ার ট্রাস্টের সম্পাদক সঞ্জীব দাস। পেশায় মুদি দোকানের ব্যবসায়ী সঞ্জীব স্থানীয় এলাকায় যে কোনো অনুষ্ঠান হলে সেখানে হাজির হয়ে যায় চারা গাছ নিয়ে। কোথাও একশো, আবার কোথাও ২০০ চারা বিতরণ করে সে এবং তার সহযোগীরা।
জন্মদিনের অনুষ্ঠান থেকে বিয়ে বাড়ির অনুষ্ঠান, ঈদগাহের ময়দান থেকে পুজোর মন্ডপ, সব জায়গাতেই উপহার হিসেবে চারা গাছ তুলে দেয় সঞ্জীব। পাশাপাশি নিজেও বৃক্ষরোপণ করে সে।
এখনো পর্যন্ত প্রায় ১৫ হাজার চারা গাছ বিতরণ করে এলাকায় সাড়া ফেলে দিয়েছে সঞ্জীব দাস।
উল্লেখ্য, নানা রক্তদান শিবির করে থাকে এই ট্রাস্ট।

বেআইনি পাথর বোঝাই ট্রাক্টর আটক

সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া

আপনজন: বেআইনী পাথর বোঝাই ট্রাক্টর সহ চালককে আটক করল পুলিশ। ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের কাছ থেকে খবর পেয়ে শুক্রবার বাঁকুড়া-২ ব্লকের পুরন্দরপুর সংলগ্ন খেরোশোলের কাছে ওই পাথর বোঝাই ট্রাক্টরটি পুলিশ আটক করে বাঁকুড়া সদর থানায় নিয়ে আসে বলে জানা গেছে ।
বাঁকুড়া-২ ব্লকের ভূমি দপ্তরের আধিকারিক দীপক দেবনাথ এই খবর জানিয়ে বলেন, কোন ধরণের সরকারী অনুমতি ছাড়াই পাথর নিয়ে যাওয়ার সময় ট্রাক্টর সহ চালককে আটক করা হয়েছে। এই ধরণের বেআইনী কাজের বিরুদ্ধে ধারাবাহিক অভিযান চলছে বলে তিনি জানান ।
আটক ট্রাক্টরের চালক শান্তনু বাউরীর দাবি, স্থানীয় কদমাহাটি থেকে ট্রাক্টরে চাপিয়ে নিয়ে আসছিলাম। পথে আটক করা হয়।

ছড়িয়ে-ছিটিয়ে

বজবজে বন্দুক উঁচিয়ে সোনার দোকান লুট

জাহেদ মিস্ত্রী ● বজবজ

আপনজন: শুক্রবার দক্ষিণ ২৪ পরগনার বজবজ থানার বুইতা গ্রাম পঞ্চায়েতের মিঠাপুকুর এলাকায় সূর্য জুয়েলার্স নামে সোনার দোকানে ডাকাতি হয়। দুপুর পৌনে একটা নাগাদ দুটি বাইকে তিনজন অজ্ঞাত পরিচয় ব্যক্তি দোকান আসে এবং মালিককে গহনা দেখানর কথা বলে। এরপর আগ্নেয়াস্ত্র ঠেকিয়ে নগদ ৬০ হাজার টাকা ও ৫ ভোরি সোনা নিয়ে চম্পট দেয়। তিন ব্যক্তিই মুখে কালো কাপড় এবং মাথায় হেলমেট পরা অবস্থায় ছিল। দুষ্কৃতীরা নিজেরাই গহনা এবং নগদ টাকা ব্যাগে পুড়ে চম্পট দেয়। পালাবার সময় দোকান মালিক চেঁচালেও সেই সময় রাস্তাঘাটে লোকজন কম থাকায়, বিনা বাধাতেই তিন দুষ্কৃতী বাইক নিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলে বজবজ থানার পুলিশ সিসিটিভি ফুটেজ দেখে ওই ব্যক্তিদের চিহ্নিত করার কাজ করছে বজবজ থানার তদন্তকারী আধিকারিকরা। এই মর্মে বজবজ থানায় দোকানের মালিক অরুণ জানা একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। এর আগেও ওই একই জায়গার ঢিল ছড়া দূরত্বে অন্য একটি সোনার দোকানে রাতের বেলায় চুরি হলেও দিনে দুপুরে এমন ঘটনা এই প্রথম। এখনো পর্যন্ত দুষ্কৃতীরা অধরা।

হাওড়ায় ২১শে জুলাই নিয়ে প্রস্তুতি

সুরজীৎ আদক ● আমতা

আপনজন: সদ্য মিটে যাওয়া ২৪-শের লোকসভা ভোটে ব্যাপক সাফল্য মিলেছে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের।৪২ টি আসনের মধ্যে ২৯টি ঘাসফুল ফুটেছে রাজ্যে। শুক্রবার আমতা বিধানসভা কেন্দ্র তৃণমূল যুব কংগ্রেসের আয়োজনে ২১শে জুলাই ধর্মতলা চলো-র প্রস্তুতি সভার বৈঠক অনুষ্ঠিত হল।সভার বৈঠক থেকে উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রার্থী সাজদা আহমেদ-কে নিজের কেন্দ্র থেকে বিপুল ভোটে লিড দেওয়ার জন্য দলের সমস্ত নেতাকর্মীদের শুভেচ্ছা জ্ঞাপন করেন বিধায়ক সুকান্ত পাল।ওই বৈঠকে বিধায়ক ছাড়াও উপস্থিত ছিলেন হাওড়া জেলা পরিষদের কর্মাধ্যক্ষ তথা ওই কেন্দ্রের দলের সভাপতি সেলিমুল আলম,হাওড়া গ্রামীণ জেলার তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি দেবাশীষ বন্দ্যোপাধ্যায়,তরুণ দোলুই সহ অন্যান্য নেতৃবৃন্দ।

বৈঠক হাওড়া পুরসভায়



নিজস্ব প্রতিবেদক ● হাওড়া

আপনজন: নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রীর কড়া নির্দেশের পর আজ শুক্রবার হাওড়া পুরসভায় এক গুরুত্বপূর্ণ বৈঠকের আয়োজন করা হয়েছে। ওই বৈঠকে রাজ্যের দুই মন্ত্রী অরূপ রায়, মনোজ তিওয়ারি, জেলাশাসক পি দীপাপপ্রিয়া, বিধায়ক নন্দিতা চৌধুরী, পুলিশ কমিশনার প্রবীণ কুমার ত্রিপাঠী, পুরসভার মুখ্য প্রশাসক ডা: সুজয় চক্রবর্তী সহ পুলিশ প্রশাসন, জেলা প্রশাসন এবং পুর আধিকারিকরা উপস্থিত রয়েছেন। বৈঠক শুরু হয় বেলা সাড়ে ১১টায়। হাওড়া পুর এলাকায় নাগরিক পরিষেবা ঠিকঠাক দেওয়া নিয়ে এই বৈঠক।

২০২৪ কোপা আমেরিকা

উরুগুয়ের গোল উৎসব, যুক্তরাষ্ট্রকে হারিয়ে চমক পানামার

আপনজন ডেস্ক: নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে আজ কোপা আমেরিকায় 'সি' গ্রুপ থেকে নিজেদের দ্বিতীয় ম্যাচে বলিভিয়াকে ৫-০ গোলে বিধ্বস্ত করেছে উরুগুয়ে। এই জয়ে ২ ম্যাচে মোট ৬ পয়েন্ট নিয়ে কোয়ার্টার ফাইনাল প্রায় নিশ্চিতই করে ফেলল মার্সেলো বিয়েলসার দল। ম্যাচের প্রথমার্ধে দুটি ও বিরতির পর আরও তিন গোল করে উরুগুয়ে। ৮ মিনিটে ফাকুন্দো পেলিস্ত্রির গোলের ১৩ মিনিট পর বাঁ পায়ের জোরালো শটে গোল করেন তারকা ফরোয়ার্ড দারউইন নুনিয়েজ। বিরতির পর ৭৭ মিনিটে ম্যাক্সিমিলিয়ানো আরাউহোর গোলে ম্যাচ মোটামুটি শেষই হয়ে গিয়েছিল। তবে গোল উৎসবের মেজাজে থাকা বিয়েলসার শিষ্যরা এরপর ৮১ মিনিটে ফেদেরিকো ভালভের্দে ও ৮৯ মিনিটে রদ্রিগো বেন্তাঙ্কুরের সৌজন্যে আরও দুটি গোল পেয়েছে। আটলান্টার মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়ামে অনুষ্ঠিত অন্য ম্যাচে যুক্তরাষ্ট্রকে ২-১ গোলে হারিয়ে চমকে দিয়েছে পানামা। দুই দল মিলে ২২ ফাউলের এ ম্যাচে হট্রগোল হয়েছে কয়েকবার। ১৮ মিনিটে পানামার সেন্টারব্যাক রডেরিক মিলারের মাথায় আঘাত করে সরাসরি লাল কার্ড দেখে মাঠ ছাড়েন যুক্তরাষ্ট্রের উইঙ্গার টিমোথি উইয়াহ। ৪ মিনিট পর ফ্লোরিন বালুগানের গোলে এগিয়ে যায় যুক্তরাষ্ট্র। তার আগে ম্যাচে ২০ মিনিটের মধ্যে যুক্তরাষ্ট্রের ওয়েস্টন ম্যাককেনি একটি গোল করলেও অফসাইডের কারণে সেটি বাতিল হয়। যুক্তরাষ্ট্র ২২ মিনিটে এগিয়ে গেলেও সেটি মাত্র ৪ মিনিট স্থায়ী থেকেছে। ২৬ মিনিটে সিজার ব্লাকম্যান গোল করে সমতায় ফেরান পানামাকে। যুক্তরাষ্ট্র প্রথমার্ধে ফাউলের কারণে পাওয়া চোটে নিয়মিত গোলকিপার ম্যাট টার্নারকে বিরতির পর আর মাঠে নামাতে পারেনি। তাঁর জায়গায় পোস্ট আগলেছেন ইথান হোরভাথ। নির্ধারিত সময় শেষ হওয়ার ২ মিনিট আগে যুক্তরাষ্ট্রের অধিনায়ক ক্রিস্টিয়ান পুলিসিচকে ফাউল করে লাল কার্ড দেখে মাঠ ছাড়েন পানামার আদালবার্তো কারাসকুইলা। তার ৫ মিনিট আগেই অবশ্য ম্যাচে এগিয়ে যাওয়া গোলটি পেয়ে যায় পানামা। ৮৩ মিনিটে যুক্তরাষ্ট্রের গোলপোস্টের সামনে জটলা থেকে গোল করেন পানামার ফরোয়ার্ড জোসে ফাজার্দো। হারের পর যুক্তরাষ্ট্রের কোচ গ্রেগ বেরহল্টার উইয়াহর লাল কার্ড দেখাকে দুষেছেন, 'সে দলের কাছে ক্ষমা চেয়েছে। আমার মনে হয় সে বুঝতে পেরেছে, দলকে সে কতটা কঠিন অবস্থানে ঠেলে দিয়েছে। এসবের কিছুই হতো না এবং ফল হিসেবে আমরা ম্যাচটা হেরেছি।' ২ ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে 'সি' গ্রুপে উরুগুয়ের পরই দ্বিতীয় যুক্তরাষ্ট্র। মঙ্গলবার বাংলাদেশ সময় সকাল ৭টায় গ্রুপে নিজেদের শেষ ম্যাচে উরুগুয়ের মুখোমুখি হবে যুক্তরাষ্ট্র। কোয়ার্টার ফাইনালে উঠতে উরুগুয়ের বিপক্ষে এ ম্যাচে জিততেই হবে যুক্তরাষ্ট্রকে। ২ ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে তৃতীয় পানামা (-১) গোলব্যবধানে যুক্তরাষ্ট্রের (+১) চেয়ে পিছিয়ে তৃতীয়। ২ ম্যাচে কোনো পয়েন্ট না পেয়ে তলানিতে থাকা বলিভিয়ার মুখোমুখি হবে পানামা।
বলিভিয়ার সুযোগ শুধু কাগজে-কলমে থাকলেও কোয়ার্টার ফাইনালে ওঠার সুযোগ রয়েছে পানামারও। যুক্তরাষ্ট্রের বিপক্ষে উরুগুয়ে হার এড়াতে পারলে গ্রুপের শীর্ষ দল হিসেবে কোয়ার্টার ফাইনালে খেলবেন নুনিয়েজরা। তবে হারলেও গোল ব্যবধানে এগিয়ে থাকায় কোয়ার্টার ফাইনালে ওঠার সুযোগ রয়েছে উরুগুয়ের (+৭)।

কোহলি রানে ফিরবেন ফাইনালেই, আশা রাখছেন রোহিত-দ্রাবিড়রা

আপনজন ডেস্ক: ২০১৩ চ্যাম্পিয়নস ট্রফির পর আইসিসির ইভেন্টে প্রথম শিরোপা জয়ের সুযোগ ভারতের সামনে। ভারত কি পারবে? পুরস্কার বিতরণী অনুষ্ঠানে রোহিত শর্মার কাছে জানতে চাওয়া হলে সাধারণ কথাটাই বলেছেন ভারতের অধিনায়ক, 'আমরা নিজেদের সেরাটা দিয়ে চেষ্টা করব। দল ভালো অবস্থায় আছে। আশা করি, ফাইনালে আমরা ভালো খেলব।' ভারত ভালো খেলেই ২০০৭ সালের পর প্রথমবার টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে উঠেছে। গায়ানায় গতকাল রাতে সেমিফাইনালে ইংল্যান্ডকে ৬৮ রানে হারিয়েছে রোহিতের দল। একেবারে শতভাগ ভালো খেলে ফাইনালে উঠেছে, সে কথা বলা যাবে না। বিরাট কোহলিকে নিয়ে যেমন দুশ্চিন্তা কাটছেই না। রান-খরায় ভুগছেন ভারতের তারকা ব্যাটসম্যান। যে কারণে ফাইনালে ওঠার আগপর্যন্ত ওপেনিং জুটিতে একবারও ভালো শুরু পায়নি ভারত। ফাইনালে তো এটা দুশ্চিন্তার কারণ হতেই পারে। কিন্তু রোহিত সম্ভবত ব্যাপারটি নিয়ে ভাবছেন না কিংবা ভাবনা থাকলেও সেটা মুখ ফুটে বলেননি। কারণ, ব্যাটসম্যানটির নাম কোহলি। ভারত জাতীয় দলে ১৬ বছর ধরে তাঁকে দেখছেন। কোহলি ব্যাটসম্যান হিসেবে কত উঁচুমানের সেটা সবারই জানা। আর বাজে সময় কার না যায়! এত দিন খেলার অভিজ্ঞতায় রোহিত মনে করেন, কোহলি যেহেতু দেড় দশকের বেশি সময় ধরে খেলছেন, তাই ফর্ম নিয়ে ভাবনার কিছু নেই। তাহলে কি ফাইনালেই...? হ্যাঁ, ভারত ফাইনালে ওঠার পর দলটির বেশির ভাগ সমর্থকের মনের আশার সঙ্গে রোহিতও সুর মিলিয়েছেন। কোহলি সম্ভবত ফাইনালকেই রানে ফেরার উপলক্ষ বানাবেন! পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কোহলির রান-খরার প্রসঙ্গে রোহিত বলেছেন, 'আমরা তার ক্লাস (মান) বুঝি। ১৫ বছর ধরে খেললে ফর্ম কোনো সমস্যাই নয়। সম্ভবত ফাইনালের জন্য জমিয়ে রেখেছে।' তেমন কিছু হলে কিন্তু দক্ষিণ আফ্রিকাকে সাবধান হতেই হবে। বড় মঞ্চে অতীতেও জ্বলে উঠেছে কোহলির ব্যাট। তবে দক্ষিণ আফ্রিকার বোলাররা সম্ভবত কোহলির এখনকার পরিসংখ্যানে তাকিয়ে বেশ আত্মবিশ্বাসী হয়ে উঠবেন। এবার টি-টোয়েন্টি বিশ্বকাপে ৭ ইনিংসে ব্যাট করে ১০.৭১ গড়ে মাত্র ৭৫ রান করেছেন কোহলি। স্ট্রাইক রেট ১০০। যা তাঁর নামের সঙ্গে একদমই বেমানান। ইংল্যান্ডের বিপক্ষে সেমিফাইনাল ম্যাচে ৯ বলে ৯ রান করে রিস টপলির বলে বোল্ড হন কোহলি। টি-টোয়েন্টিতে সর্বশেষ ৯ ইনিংসে তাঁর ফিফটি নেই। সর্বোচ্চ ৩৭ রান করেছেন সুপার এইটে বাংলাদেশের বিপক্ষে। তিন সংস্করণ মিলিয়েও সর্বশেষ ১১ ইনিংসের মধ্যে ফিফটি নেই কোহলির। গতকাল আউট হয়ে ফেরার পর ড্রেসিংরুমে তাঁকে সান্ত্বনা দিয়েছেন ভারতের প্রধান কোচ রাহুল দ্রাবিড়। জয়ের পর কোহলির পক্ষেই ব্যাট ধরেছেন ভারতের এই কোচ। দ্রাবিড়ও মনে করেন, ফাইনালেই রানে ফিরবেন কোহলি, 'বিরাটকে আপনারা জানেন। একটু ঝুঁকিপূর্ণ ক্রিকেট খেললে সব সময় সফল হওয়া যায় না। আজও (গতকাল ম্যাচে) যেমন, সে একটি ছক্কা মারার পর ভাবলাম ম্যাচের গতিপ্রকৃতি হয়তো ঠিক করে দেবে। কিন্তু তার দুর্ভাগ্য (আউট হওয়ার ডেলিভারি) বলটি একটু সিমের ওপর মুভমেন্ট করেছে। তবে ইনটেন্ট ভালো লেগেছে।' দ্রাবিড় এরপর ফাইনালে কোহলির রানে ফেরার সম্ভাবনা নিয়ে বলেছেন, 'এমন কিছু বলতে চাই না, যাতে হিতে বিপরীত হয়; তবে আমার মনে হয় বড় কিছুই আসছে। তার আচরণ ভালো লাগে এবং মাঠে যেভাবে নিজেকে নিংড়ে দেয়—আমার মনে হয় তার এটা (রানে ফেরা) প্রাপ্য।'
ব্রিজটাউনে আগামীকাল ভারতীয় সময় রাত ৮টা ৩০ মিনিটে ফাইনালে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে ভারত।

এমবাপ্পে-কেইনদের নিয়েও কেন ফ্রান্স ও ইংল্যান্ডের এমন গোল-খরা

আপনজন ডেস্ক: ইউরো শুরুর আগে ফেবারিটের তালিকায় সবচেয়ে বেশি উচ্চারিত হচ্ছিল ফ্রান্স ও ইংল্যান্ডের নাম। দুই দলের মিডফিল্ড ও ফরোয়ার্ড লাইনও সেই ফেবারিট-তত্ত্বকে বেশ সমর্থন করছিল। একদিকে ফ্রান্সের আক্রমণভাগে কিলিয়ান এমবাপ্পে, উসমান দেম্বেলে, আতোয়াঁন গ্রিজমান, মার্কাস থুরাম এবং রান্দাল কোলো মুয়ানিদের মতোর তারকাদের উপস্থিতি। অন্যদিকে কম যায় না ইংল্যান্ড দলও। জুড বেলিংহাম, ফিল ফোডেন, বুকায়ো সাকা ও হ্যারি কেইনদের মতো তারকাদের নামই যেকোনো রক্ষণে ত্রাস সৃষ্টি করতে যথেষ্ট। অথচ এই দুই দলই এখন ইউরোতে গোল পেতে রীতিমতো সংগ্রাম করছে। তিন ম্যাচ খেলে দুই দলই মাত্র দুটি করে গোল করেছে। বিপরীতে স্বাগতিক জার্মানি গ্রুপ পর্বের তিন ম্যাচে করেছে ৮ গোল এবং অন্য ফেবারিট স্পেন করেছে ৫ গোল। এমনকি প্রথম দুই ম্যাচেই পর্তুগালের গোলসংখ্যা ৫। শুরুতে ফ্রান্সের পারফরম্যান্সে নজর দেওয়া যাক। ইউরোতে গ্রুপ 'ডি'তে ফ্রান্স প্রথম ম্যাচ খেলেছিল অস্ট্রিয়ার বিপক্ষে। রালফ রাংনিকের 'গেগেনপ্রেসিং' ফুটবলীয় কৌশলের সামনে সেদিন রীতিমতো নাভিশ্বাস উঠেছিল ফ্রান্সের। ৩৮ মিনিটে ম্যাক্সিমিলিয়ান ওবের আত্মঘাতী গোল উপহার না দিলে সেই ম্যাচে জয়বঞ্চিতই থেকে যেত ফ্রান্স। এমনকি বল দখলেও অস্ট্রিয়ার চেয়ে সেই ম্যাচে পিছিয়ে ছিল ফরাসিরা। ম্যাচটিতে ফ্রান্সের সবচেয়ে বড় তারকা এমবাপ্পে গোলের জন্য চারটি শট নিলেও বড় কোনো সুযোগ তৈরি করতে ব্যর্থ হন। উল্টো নাক ভেঙে মাঠও ছাড়তে হয় তাঁকে। তবে ভাগ্য ভালো যে সে ম্যাচে আত্মঘাতী গোলে জয়টা পেয়েছিল তারা। নয়তো শেষ ষোলোয় যাওয়াও হুমকির মুখে পড়তে পারত।
দ্বিতীয় ম্যাচে ফ্রান্সের প্রতিপক্ষ ছিল নেদারল্যান্ডস। এমবাপ্পেহীন ফ্রান্স সেদিনও গোলমুখে সংগ্রাম করেছে এবং ৬৩ শতাংশ বলের দখল রেখেও শেষ পর্যন্ত পায়নি গোলের দেখা।
গ্রুপের শেষ ম্যাচে ফ্রান্সের প্রতিপক্ষ ছিল পোল্যান্ড। রবার্ট লেভানডফস্কির দলের বিপক্ষে এই ম্যাচ দিয়ে ফের মাঠে ফেরেন মাস্ক পরা এমবাপ্পে। এই ম্যাচে এমবাপ্পে ও ফ্রান্স দারুণ কিছু সুযোগ তৈরি করলেও পোলিশ গোলরক্ষকের বাধা পেরোতে পারেননি। এগিয়ে যেতে শেষ পর্যন্ত পেনাল্টির সহায়তা লাগে তাদের। স্পট কিকে এমবাপ্পের প্রথম ইউরো গোলে লিড নিলেও সেটি ধরে রাখতে ব্যর্থ হয় ফ্রান্স।
লেভানডফস্কির আরেকটি পেনাল্টি গোলে ম্যাচে সমতা ফেরায় পোলিশরা। এরপর চেষ্টা করেও ম্যাচটি জিততে পারেনি শেষ দুই বিশ্বকাপের ফাইনালে খেলা ফ্রান্স। এই তিন ম্যাচে ফ্রান্স সব মিলিয়ে লক্ষ্যে শট নিয়েছে ১৪টি। যদিও সেগুলো থেকে কোনো গোল আদায় করতে পারেনি তারা। যে দুটি গোলে ফ্রান্সের তরি পার হয়েছে একটি আত্মঘাতী এবং অন্যটি পেনাল্টি থেকে। কোয়ার্টার ফাইনালে ফ্রান্স যদি গোল সমস্যার সমাধান করতে না পারে, তবে বড় বিপদই অপেক্ষা করছে দিদিয়ের দেশমের দলের জন্য।
একদল প্রতিভাবান মিডফিল্ডার ও ফরোয়ার্ড নিয়ে এবারের ইউরো খেলতে গেছে ইংল্যান্ড। এমনকি ইংল্যান্ডের বেঞ্চে থাকা কোল পালমারের মতো তারকারাও যেকোনো দলের একাদশে অনায়াসে সুযোগ পাওয়ার মতো। ক্লাব ফুটবলেও মৌসুমজুড়ে ইংল্যান্ড ছিল অনবদ্য। কেইন, ফোডেন, বেলিংহামরা ম্যাচের পর ম্যাচে গোল করে গেছেন। কিন্তু সেই দলটিই কিনা গোলের জন্য রীতিমতো হাহাকার করছে। তিন ম্যাচে ফ্রান্সের মতো তারাও গোল করেছে ২টি। প্রথম ম্যাচে সার্বিয়ার বিপক্ষে বেলিংহামের করা একমাত্র গোলে জয় পায় ইংল্যান্ড। পরের ম্যাচে ডেনমার্কের বিপক্ষে কেইনের গোলে এগিয়ে গেলেও শেষ পর্যন্ত ম্যাচ জিততে পারেনি 'থ্রি লায়ন্স'রা, ড্র করে ১-১ গোলে। আর স্লোভেনিয়ার বিপক্ষে শেষ ম্যাচে গোলশূন্য ড্রয়ে সন্তুষ্ট থাকতে হয়েছে। এই তিন ম্যাচে ইংল্যান্ড লক্ষ্যে শট নিয়েছে মাত্র ১১টি। অর্থাৎ দুর্দান্ত মিডফিল্ড ও ফরোয়ার্ড লাইন নিয়েও সেভাবে গোলের সুযোগ তৈরি করতে পারছে না গতবারের রানার্সআপরা। এর মধ্যে ইংল্যান্ডের খেলার ধরন নিয়েও সমালোচনার ঝড় উঠেছে। কেউ কেউ তো শেষ ষোলোর আগেই গ্যারেথ সাউথগেটকে ছাঁটাই করতে বলেছেন। ফলে চাপটা ক্রমেই বাড়ছে। এখন শেষ ষোলোয় ইংলিশদের এমন দৃষ্টিকটু গোল-খরা কাটে কি না, সেটাই দেখার অপেক্ষা।

আইসিসির ভারতকে সুবিধা দেওয়ার বিষয়ে ভনের করা মন্তব্যে হরভজনের খোঁচা

আপনজন ডেস্ক: এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতের জন্য সেমিফাইনালে গায়ানার উইকেট আগে থেকেই বরাদ্দ ছিল। টি-টোয়েন্টি বিশ্বকাপের প্লেয়িং কন্ডিশনেই উল্লেখ ছিল—ভারত যদি সেমিফাইনালে ওঠে, তাহলে তারা দ্বিতীয় সেমিফাইনাল খেলবে। ২৭ জুন সেই ম্যাচ হবে গায়ানায়। ক্যারিবীয় অঞ্চলের অন্যতম স্পিনবান্ধব উইকেট এটি। সে অনুযায়ী নিজেদের একাদশও সাজিয়েছে ভারত। বাড়তি স্পিনার হিসেবে সুযোগ পেয়েছিলেন অক্ষর প্যাটেল, যাঁর হাত ধরেই বার্বাডোজের ফাইনালে জায়গা করে নিয়েছে ভারত। এ নিয়ে ম্যাচ শুরুর আগে থেকেই ভারতকে খোঁচা দিচ্ছিলেন সাবেক ইংলিশ অধিনায়ক মাইকেল ভন। ইংল্যান্ডকে ৬৮ রানে হারানোর পর ভনের সেই খোঁচার জবাব দিয়েছেন ভারতের সাবেক স্পিনার হরভজন সিং। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে ভন লিখেছিলেন এভাবে, 'ইংল্যান্ড যদি দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে দিত, তাহলে ইংল্যান্ড ত্রিনিদাদে হওয়া সেমিফাইনাল খেলত এবং আমার বিশ্বাস, সেখানে তারা সে ম্যাচটি জিতত। অভিযোগ নেই, ইংল্যান্ডের পারফরম্যান্স যথেষ্ট ছিল না। ভেন্যু হিসেবে গায়ানা ভারতের জন্য দারুণ এক পছন্দ ছিল।' ভারত পারফর্ম করেও দেখিয়ে দিয়েছে গায়ানার উইকেট তাদের জন্য দারুণ পছন্দই ছিল। আগে ব্যাটিং করে তারা করেছিল ১৭১ রান। এরপর ইংল্যান্ডের মতো দলকে গুটিয়ে দিয়েছে ১০৩ রানে। দুই স্পিনার কুলদীপ যাদব ও অক্ষর মিলে নিয়েছেন ৬ উইকেট। এরপরও অবশ্য ভনের সমালোচনার জবাবে এক্সে ভনের টুইট শেয়ার করে হরভজন লেখেন, 'কী কারণে আপনার মনে হলো, ভারতের জন্য গায়ানা ভালো ভেন্যু? দুই দল একই ভেন্যুতে খেলেছে। ইংল্যান্ড টস জিতেছে, সেটাই ছিল বাড়তি সুবিধা। নির্বোধের মতো কথা বলবেন না। সব বিভাগেই ভারত ইংল্যান্ডকে উড়িয়ে দিয়েছে। সত্যিটা মেনে নিন, সামনে তাকান এবং ফালতু কথা নিজের কাছেই রাখুন। ফালতু নয়, যৌক্তিক কথা বলুন।'
এ ছাড়া ক্লাব প্রেইরি ফায়ার পডকাস্টেও ভারতকে সুবিধা দেওয়ার বিষয় নিয়ে কথা বলেছেন, 'এটা তাদের (ভারত) টুর্নামেন্ট। তারা যেখানে চায়, সেখানে খেলছে। তারা জানে, তাদের সেমিফাইনাল ম্যাচ কোথায় হবে। তারা প্রতিটা ম্যাচ খেলছে সকালবেলা, যেন ভারতের দর্শকেরা রাতের বেলা টিভিতে খেলা দেখতে পারে।' আইসিসির সূচি ভারতের জন্য অনেক সুবিধা করে দিয়েছে, সেটা মানছেন খোদ ভারতের সাবেক ক্রিকেটার সঞ্জয় মাঞ্জরেকারও। তিনি বলেন,'পরিষ্কার সুবিধা দেওয়া হয়েছে। রোহিতকে এটা মানতেই হবে। সে বলতে পারবে না যে এটা তাদের কাজটা সুবিধা করে দিচ্ছে না। ভারত নিশ্চয়ই তাদের দল সাজিয়েছে এটা মাথায় রেখে।'

চোটের কারণে আর্জেন্টিনার অনুশীলনে ছিলেন না মেসি

আপনজন ডেস্ক: কোপা আমেরিকায় বুধবার চিলির বিপক্ষে আর্জেন্টিনা ১-০ গোলে জয় পেলেও সে ম্যাচে মাংসপেশিতে চোট পান লিওনেল মেসি। ম্যাচ চলাকালীন চিকিৎসকদের সাহায্য নেন অর্জেন্টাইন অধিনায়ক। এর পরেও তাকে কয়েকবার নিজেকেই উরুতে মালিশ করতে দেখা গেছে। তবু ম্যাচের পুরোটা সময় মাঠে ছিলেন তিনি।
তবে গত রাতে মায়ামির ফ্লোরিডা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় মাঠে আলবিসেলেস্তেরা অনুশীলন করলেও সেখানে মেসিকে দেখা যায়নি। আর্জেন্টিনা দলের একজন মুখপাত্র আমেরিকান গণমাধ্যম দ্য অ্যাথলেটিককে জানায়, টিম হোটেলে বিশ্রামে মেসি। সেখানে চোটের শঙ্কায় থাকা এই ফুটবলারের কাইনেসিওলজি (এক ধরনের থেরাপি) সেশন হয়। ইতিমধ্যে মেসির চোটের জায়গায় স্ক্যান করানো হয়েছে।
আজ আরেকবার পরীক্ষা করা হবে। যদিও আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ) এখনো ৩৭ বছর বয়সী এই তারকার চোট নিয়ে কিছু জানায়নি। তবে আর্জেন্টাইন গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, আগামী রোববার পেরুর বিপক্ষে গ্রুপ পর্বের শেষ ম্যাচে খেলবেন না মেসি। কোয়ার্টার ফাইনালের আগে বিশ্রাম দেওয়া হবে।
দুই ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে কোপা আমেরিকার 'এ' গ্রুপের পয়েন্ট তালিকার শীর্ষে অবস্থান করছে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা।

ব্রাজিলের জার্সিতে ব্যর্থ ভিনিসিয়ুস কি শুধুই ক্লাবের ফুটবলার?

আপনজন ডেস্ক: এবারের কোপা আমেরিকায় ব্রাজিল যাঁদের ওপর সবচেয়ে বেশি নির্ভর করছে, ভিনিসিয়ুস তাঁদের অন্যতম। রিয়াল মাদ্রিদের হয়ে চ্যাম্পিয়নস লিগ ও লা লিগা জয়ের অন্যতম নায়কের ওপর তো ভরসা করাই যায়, নাকি!
অথচ দুর্দান্ত ছন্দে থাকা এই ফরোয়ার্ডকে ব্রাজিল-কোস্টারিকা ম্যাচের ৭১ মিনিটেই তুলে নেন কোচ দরিভাল জুনিয়র। ভিনিকে তুলে নেওয়ার দায় অবশ্য দরিভালকে দেওয়ার সুযোগ নেই। ম্যাচজুড়ে ব্রাজিল দাপুটে ফুটবল খেললেও ভিনিসিয়ুসের প্রান্তে ছিল রাজ্যের নীরবতা। এমনকি পরিসংখ্যানও ভিনিসিয়ুকে সঙ্গ দিতে পারছে না।
কোস্টারিকার বিপক্ষে ম্যাচে ৭১ মিনিট মাঠে থেকে গোল কিংবা গোলে সহায়তা দূরে থাক, কোনো শটও নিতে পারেননি ভিনিসিয়ুস। যে ড্রিবলের জন্য পরিচিত, সেটি চারবার চেষ্টা করে প্রতিবার ব্যর্থ হয়েছেন। চারটি ক্রস দিয়ে কেবল একটিতে পেয়েছেন সফলতা। সাফল্যের হার মাত্র ২৫ শতাংশ। শুধু পাসটাই একটু ঠিকঠাক দিতে পেরেছেন। ২৩টি পাসের মধ্যে সফল হয়েছেন ১৯ বার। এমন পারফরম্যান্সের পর দরিভালকে দোষ দেওয়ার সুযোগ কোথায়?
এটা সত্য যে ভিনিসিয়ুসকে আটকানোর জন্য আলাদা পরিকল্পনা করেই মাঠে নেমেছিলেন কোস্টারিকার খেলোয়াড়েরা। তাঁকে রাখাও হয়েছিল কড়া মার্কিংয়ে। কিন্তু বিপরীত প্রস্তুতি ভিনিসিয়ুসের ছিল কি না, সে প্রশ্ন চাইলে কেউ তুলতেই পারেন। সেরা খেলোয়াড়দের কাজই তো সব ফাঁদ কেটে বেরিয়ে গিয়ে দলকে গোল এনে দেওয়া। যে কাজে ভিনিসিয়ুসকে পুরোপুরিই ব্যর্থ বলা যায়। ৭১ মিনিটে ভিনিসিয়ুসের পরিবর্তে নামানো হয় এনদ্রিককে ৭১ মিনিটে ভিনিসিয়ুসের পরিবর্তে নামানো হয় এনদ্রিককেএএফপি অথচ দল যখন গোলের জন্য হাহাকার করছিল, তখন সবাই তাকিয়ে ছিল তাঁর দিকে।
কোস্টারিকার বিপক্ষে এমন নড়বড়ে পারফরম্যান্সের পর ভিনিসিয়ুস শুধুই ক্লাবের খেলোয়াড় কি না, সে প্রশ্নও তুলেছেন অনেক সমর্থক। সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁকে ট্রল করে অনেক মিমও বানানো হয়েছে।

বৃষ্টিতে ম্যাচ ভেস্তে গেলে শিরোপা নির্ধারণ হবে যেভাবে

আপনজন ডেস্ক: গ্রুপ পর্ব ও সুপার এইটের বেশ কয়েকটি ম্যাচের পর বৃষ্টির বাধা ছিল গতকাল ভারত ও ইংল্যান্ডের দ্বিতীয় সেমিফাইনালেও। আবহাওয়ার পূর্বাভাস বলছে, বৃষ্টি হানা দিতে পারে বাংলাদেশ সময় আগামীকাল রাত সাড়ে ৮টায় শুরু হতে যাওয়া বার্বাডোজের ফাইনালেও।
সুপার এইটের কোনো ম্যাচ আর দ্বিতীয় সেমিফাইনালে রিজার্ভ ডে ছিল না। গতকাল ভারত-ইংল্যান্ডের দ্বিতীয় সেমিফাইনাল বৃষ্টি-বাধা থাকলেও অবশ্য অতিরিক্ত সময় কাজে লাগিয়ে পুরো ম্যাচই হয়েছে। ইংল্যান্ডকে ৬৮ রানে হারিয়ে ফাইনালে উঠেছে ভারত। শেষ পর্যন্ত যদি বৃষ্টির কারণে ম্যাচ শেষ করা না যেত, তাহলে সুপার এইটে ইংল্যান্ডের চেয়ে ভালো অবস্থানে থাকায় ফাইনালে উঠত ভারতই।
ফাইনালে বৃষ্টি চোখ রাঙাচ্ছে ঠিক; কিন্তু রিজার্ভ ডেও আছে। বার্বাডোজে অবশ্য রিজার্ভ ডেতেও চোখ রাঙাচ্ছে বৃষ্টি। শেষ পর্যন্ত যদি রিজার্ভ ডেও বৃষ্টিতে ভেসে যায়, ফাইনাল ম্যাচ সম্পন্ন না হয়, তাহলে শিরোপা নির্ধারণ হবে কীভাবে—সেমিফাইনালের অমন নিয়মের পর প্রশ্নটি জাগতেই পারে। এই প্রশ্নের উত্তর খোঁজার আগে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপের প্লেয়িং কন্ডিশনে কী লেখা আছে, সেটা একটু দেখে আসা যেতে পারে। ফাইনালের নির্ধারিত দিনে বৃষ্টি হলে ম্যাচের ওভার কাটার আগে অপেক্ষা করা হবে ১৯০ মিনিট বা ৩ ঘণ্টা ১০ মিনিট। ম্যাচে ফল আনতে গেলে কমপক্ষে দুই দলের খেলা হতে হবে ১০ ওভার করে। এই ১০ ওভার করে খেলাও যদি ফাইনালের দিন শেষ না হয়, তাহলে ম্যাচ গড়াবে রিজার্ভ ডেতে। রিজার্ভ ডেতে গিয়ে খেলা শেষ না হলে ভারত-দক্ষিণ আফ্রিকাকে যৌথ চ্যাম্পিয়ন ঘোষণা করা হবে। ম্যাচ টাই হয়ে যদি সুপার ওভারে গড়ায় এবং আবহাওয়ার কারণে সুপার ওভার না হতে পারে, তাহলেও দুই দলকে যৌথ চ্যাম্পিয়ন ঘোষণা করা হবে। এখানে আর টুর্নামেন্টের আগের অংশে কোন দল এগিয়ে বা পিছিয়ে ছিল, সেটা দেখা হবে না। ভারত ও দক্ষিণ আফ্রিকার দুই দলই অবশ্য ফাইনালে উঠেছে অপরাজিত থেকে।

মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক**।
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**